'সাম্প্রদায়িক'

অম্বিকা প্রসাদ পাল

বিবেকানন্দ সাহিত্য কেন্দ্র

সাম্প্রদায়িক

অম্বিকা প্রসাদ পাল

বিবেকানন্দ সাহিত্য কেন্দ্র
৬, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট
কলকাতা-৭০০ ০৭৩

SAMPRADAIK
An Essay *By*
Ambika Prasad Paul

প্রথম প্রকাশ : জুলাই ২০১১
দ্বিতীয় প্রকাশ : আগস্ট ২০১২

প্রকাশক :
বিবেকানন্দ সাহিত্য কেন্দ্র
৬, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট
কলকাতা-৭০০০৭৩

বর্ণস্থাপন :
জেএমএস এন্টারপ্রাইজ
১৫সি, ভুবন সরকার লেন
কলকাতা-৭০০০০৭
মো ঃ ৯৮৩১৬৭২৪৯৮

মুদ্রণে :
ফাইভ স্টার প্রিন্টিং ওয়ার্কস্
১১এ, গড়পাড় রোড
কলকাতা-৭০০০০৯

মূল্য : ৫০ টাকা

"উৎসর্গ"

যাঁর অনুপ্রেরণা এবং সহযোগিতায় এ বইয়ের প্রকাশ,

সেই পরম সুহৃদ, শ্রদ্ধেয় শ্রীযুক্ত জগন্নাথ মুখোপাধ্যায়ের করকমলে

এই পুস্তক উৎসর্গ করলাম।

গ্রন্থকার

লেখকের ঘোষণা

আমি অম্বিকা প্রসাদ পাল সজ্ঞানে এই মর্মে ঘোষণা করছি যে—

এই গ্রন্থটি সম্পূর্ণ আমার ব্যক্তিগত উদ্যোগে প্রকাশ করা হল। গ্রন্থ প্রকাশের যাবতীয় ব্যয়ভার আমারই।

এই গ্রন্থের যা কিছু ভাল-মন্দ, তার দায় কেবলমাত্র আমার।

স্বাক্ষর

তারিখ : ১৮.০৬.২০১১

অম্বিকা প্রসাদ পাল
কলকাতা-৭০০১১১

সাম্প্রদায়িক ভেদ-নীতির বিষময় ফল দাঙ্গা- দেশভাগ, লক্ষ লক্ষ হিন্দুর সর্বনাশ। ৬০ বছরের মধ্যে আবার শুরু হয়েছে সুবিধাবাদী সাম্প্রদায়িক রাজনীতির তন্ত্র সাধনা।

ইতিমধ্যে হিন্দু বাঙালি দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত। তারই কিছু তথ্য প্রমাণ লিপিবদ্ধ করেছিলাম।

কিন্তু সর্বগ্রাসী অবক্ষয়ের যুগে এসব পড়বে কে?

পরম সুহৃদ শ্রদ্ধেয় শ্রী জগন্নাথ মুখোপাধ্যায়ের অনুপ্রেরণায় পুস্তাকাকারে প্রকাশে আগ্রহী হই।

শ্রী জগন্নাথ মুখোপাধ্যায়ের অকুণ্ঠ সহযোগিতা, সাহায্য এবং পরামর্শ ছাড়া এ বই প্রকাশ করা সম্ভব হতো না। তাঁর কাছে আমি চিরকৃতজ্ঞ।

—অম্বিকা প্রসাদ পাল

ভূমিকা

আকণ্ঠ সাম্প্রদায়িকতার মধ্যে ডুবে আছেন যে সব রাজনৈতিক নেতৃবৃন্দ তাঁরাই প্রতিনিয়ত গোয়েবলসীয় কায়দায় প্রকৃত দেশপ্রেমিক, জাতীয়তাবাদী এবং প্রকৃত ধর্মনিরপেক্ষ রাজনৈতিক নেতৃবৃন্দের নামে অপপ্রচার চালাচ্ছেন। এই তথাকথিত সেকুলার বাবুদের কাছে হিন্দুধর্মের কথা বললে হয় সাম্প্রদায়িক। অথচ সংখ্যালঘুরা ধর্মের নামে যখন স্টিমরোলার চালায় তখন তাঁরা চুপ করে থাকেন। তাই সাবেক পূর্ব পাকিস্থান থেকে দেড় কোটি হিন্দু ও বৌদ্ধ অত্যাচারিত হয়ে ভারতে চলে আসতে বাধ্য হলে অথবা কাশ্মীর থেকে দুই লক্ষ হিন্দু পণ্ডিত বিতাড়িত হলে তাঁরা একটি বাক্যও খরচা করেন না।

বাবরি নামে একটি বিতর্কিত কাঠামোর শোকে এঁরা প্রায় উন্মাদ হয়ে অনেক অপ্রাসঙ্গিক কথা বলেন। কিন্তু ভুলেও বাবরের দিনলিপি তুজুখ-এ-বাবরির অনুবাদ বা ফৈজাবাদ কালেক্টরীর রেকর্ড পড়ে দেখে প্রকৃত সত্য জানতে চান না। কোন ঐতিহাসিক বা পুরাতত্ত্ববিদের মতামতও জানতে চান না। এঁরা ঘটা করে ইফতার পার্টি দেন অথচ বিজয়ার শুভেচ্ছার মধ্যে সাম্প্রদায়িকতার গন্ধ পান।

এই প্রসঙ্গে ৫.১০.১৯৮৩ তাং আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত একটি সংবাদ উল্লেখ করছি। দেশের সাম্প্রতিক সাম্প্রদায়িক পরিস্থিতি পর্যালোচনার জন্য কেন্দ্রীয় সরকার নিযুক্ত এক উচ্চ পর্যায়ের সমীক্ষক দল তাঁদের রিপোর্টে বলেছেন, আরব দেশগুলি থেকে ইসলামের পুনরুত্থানের নামে ভারতে প্রচুর টাকার আমদানী এবং উগ্র সাম্প্রদায়িক মুসলিম দলগুলির প্ররোচনাই ভারতের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক হাঙ্গামার অন্যতম কারণ।

১৯৮৩ থেকে ২০০১ এই ১৭ বছরে পরিস্থিতি আরও ভয়ঙ্কর হয়েছে। অনুপ্রবেশকারী মুসলমানে দেশ ছেয়ে গিয়েছে। পাকিস্থানী গুপ্তচর সংস্থার কার্যকলাপ আশংকাজনক ভাবে বেড়ে গিয়েছে।

অতি সাম্প্রতিক তিনটি মাত্র ঘটনার কথা উল্লেখ করছি।

১। ৬ ডিসেম্বর ২০০০ মালদহ শহরের বুকে জামাত-ই-ইসলামিয়া (হিন্দ)-এর ছাত্র সংগঠন স্টুডেন্টস ইসলামিক মুভমেন্ট অফ ইন্ডিয়া (S.I.M.I.)-এর জনসভায় প্রকাশ্যে ডাক দেওয়া হয় "মালদহ থেকে জেরুজালেম পর্যন্ত ইসলাম রাজত্ব কায়েম করো।"

২। গত ২৯শে ডিসেম্বর ২০০০ বর্তমান পত্রিকার ৫-এর পাতায় সংবাদ—সীমান্তবর্তী এলাকায় ভোটার তালিকায় নাম তুলতে সংগঠন গড়েছে অনুপ্রবেশকারীরা। মদত দিচ্ছে রাজনৈতিক দলগুলি।

৩। ২১শে জানুয়ারি ২০০১ কলকাতার রোকেয়া পার্কের সাম্প্রদায়িক হাঙ্গামা। রোকেয়া পার্কে পুরসভার অনুমতি নিয়ে বসানো মহাত্মা অশ্বিনী কুমার দত্ত ও চারণ কবি মুকুন্দ দাসের মূর্তি দুইটি সরিয়ে নেবার সিদ্ধান্ত নিয়েছেন মেয়র।

এরকম সংবাদ প্রতিনিয়ত প্রকাশিত হয়। আমরা ছাপোষা মানুষ সব পড়ি না। পড়লেও গুরুত্ব দিই না। দেশ-ভাগ পূর্বে মুসলিম লীগের সাম্প্রদায়িক ভাগ বাঁটোয়ারার দাবীগুলি বিভিন্ন উগ্রপন্থী মুসলিম সংগঠনের মাধ্যমে আবার পেশ করা হচ্ছে।

সাম্প্রদায়িকতা কি, আর কারা সাম্প্রদায়িক এই নিয়ে কিছু তথ্য পরিবেশন করলাম। সহৃদয় পাঠকগণ সত্য উপলব্ধি করলে পরিশ্রম সার্থক হবে। অত্যন্ত ব্যস্ততার মধ্যে তথ্যগুলি সংগ্রহ করে লিখতে হলো। ভাষার ত্রুটি থাকলে ক্ষমাপ্রার্থী।

পরিশেষে জানাই, আমার অনুভব এই যে— হিন্দুধর্মে সাম্প্রদায়িকতার স্থান নেই।

মাঘী পূর্ণিমা — বিনীত

২৫শে মাঘ, ১৪০৭ — অম্বিকা প্রসাদ পাল

নান্দীপাঠ

জগন্নাথ মুখোপাধ্যায়

আমরা সবাই জানি, মানব সভ্যতার অগ্রগতির কোন এক সময়ে ধর্মের আবির্ভাব ঘটে বা উদ্ভব হয়। ধর্ম মানুষ তৈরি করেনি। বরং মানুষই ধর্ম তৈরি করেছে। আর সেই ধর্মের বৈধতা দিতে বা বহুজনগ্রাহ্যতা আনতে প্রায় সব ধর্মেই কিছু কিছু অলৌকিক অবিশ্বাস্য সব বৃত্তান্ত ফাঁদা হয়েছে। এর বিরোধিতা করার দুঃসাহস প্রায় কেউ দেখান নি। পরবর্তীকালে এই সব ধর্মে বহু সংযোজন-বিয়োজন ঘটেছে। ধর্মেরও শুদ্ধিকরণ ঘটেছে।

তারপর সভ্যতার অগ্রগতির পথ ধরেই সমগ্র পৃথিবীতেই মানুষের ব্যাপ্তি ঘটেছে। দুনিয়া তো একসময় 'সভ্যজগৎ' এবং 'অ-সভ্য জগৎ' রূপে চিহ্নিত/আলোচিত পর্যন্ত হয়েছে। আর প্রাচীনকালে বা মধ্যযুগে গণতন্ত্র, জাতীয়তাবাদ, জাতীয়তাবোধ ইত্যাদি ব্যাপারের তেমন একটা চল ছিল না। রাজ্য বা সাম্রাজ্য থাকলেও রাষ্ট্র ছিল না। সেই সময় রাজা ছিল এবং ধর্ম ছিল। কিন্তু বরাবর যেরকম হয়, প্রয়োজনে রাজার নির্দেশে ধর্মেরও সংবর্ধন, সংকর্তন ঘটেছে, রাজভেদে ধর্মের ব্যাখ্যাও পাল্টে গেছে। প্রজাদের ঘাড়ে একাধিক মাথা ছিল না যে, সে ধর্মের ব্যাখ্যায় কোন প্রশ্ন তোলে।

তবু তারই মাঝে এই এক এক জন-গোষ্ঠী বা জাতি-গোষ্ঠী নিজেদের ধর্মের উৎকর্ষতা প্রতিপন্ন করতে অন্য জন-গোষ্ঠীর বিরুদ্ধে প্রায় যুদ্ধ ঘোষণা করল। এবং সেই যুদ্ধে দেশের রাজন্য শক্তিকেও পাশে পেয়ে গেল। ধর্মের অধিকারীদের প্রসারণবাদী মনোভাবও রাজাদের মধ্যে সহজে সংক্রমিত হত। অথবা বলা যায়, রাজশক্তি এবং ধর্মশক্তি—এই দুটি একসময় একে অন্যের পরিপূরক ছিল। খ্রিষ্টান দুনিয়া এবং ইসলামি দুনিয়ার সম্প্রসারণ এইভাবেই হয়েছে। সেক্ষেত্রে হিন্দু আদৌ সম্প্রসারণবাদী তো ছিলই না, বরং বলা যায়, এই ধর্মটি একান্তভাবে সংকোচনবাদী। ফলত, যা ঘটবার তাই ঘটল। আজ পৃথিবীতে বেশিরভাগ রাষ্ট্র হয় ইসলাম ধর্মের না হয় খ্রিষ্টান ধর্মের অনুগামী। সে ক্ষেত্রে হিন্দুধর্মের রাষ্ট্র একটিও নেই। যদিও সনাতন বা হিন্দু ধর্মই পৃথিবীর প্রাচীনতম ধর্ম।

এমনটা কী ভাবে হল? এখানেও বলতে হয়, মধ্যযুগে হিন্দু রাজাদের মধ্যে কোন ধর্মীয় একাত্মতা বোধ ছিল না। বরং বৈরিতা ছিল। ইতিহাস সাক্ষী। এক হিন্দু রাজা বৈদেশিক শক্তির, মানে ইসলামি শক্তির দ্বারা যখন আক্রান্ত, তখন ধর্মের খাতিরে ওই আক্রান্ত রাজাকে সাহায্য করতে কোন হিন্দু রাজা এগিয়ে আসেনি। অবশ্য দু-একটা ক্ষেত্রে ব্যতিক্রম আছে। কিন্তু সে ব্যতিক্রম মাত্র। তৎকালীন বৈদেশিক ইসলামি শক্তি এইভাবেই ভারতভূমিতে ভাগ বসাল। তাদের সৌজন্যেই এ দেশের নতুন নামকরণ হল—হিন্দুস্তান, যার থেকে পরবর্তী কালে ইন্ডিয়া।

মুসলমান শাসিত দেশে প্রবলভাবে ধর্ম (ইসলাম) বিরাজমান। খ্রিষ্টান ধর্মে এবং রাষ্ট্রে

যেমন পোপ, ভ্যাটিকান সিটি, তেমনই মুসলিম রাষ্ট্রে ইমাম এবং মক্কা। কিন্তু হিন্দু ধর্মের ক্ষেত্রে এরকম কোন চূড়ান্ত ধর্মাধিকারীও নেই, ধর্মক্ষেত্রও নেই। আমাদের পুরোহিত, ধর্মগুরুরা সব নিজেদের ব্যক্তিগত আখের গোছাতেই ব্যস্ত ছিলেন। এঁদের মধ্যে ব্যতিক্রম অবশ্যই চৈতন্যদেব, স্বামী বিবেকানন্দ এবং প্রণবানন্দ স্বামী।

পক্ষান্তরে ইসলামি শাসকেরা প্রথম থেকেই রুদ্রমূর্তি ধারণ করে হিন্দু নারীর সতীত্ব নাশ, পবিত্রতা নাশ শুরু করল আর হিন্দুদের মন্দির ধ্বংস করতে থাকল। প্রকৃত প্রস্তাবে সুজলা সুফলা ভারতে অল্প পরিশ্রমেই গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা হয়ে যাওয়ায় হিন্দুদের প্রতিরোধ ক্ষমতা, এমনকি আত্মরক্ষার ক্ষমতাও প্রায় লুপ্ত হয়ে গিয়েছিল। ধর্মীয় একাত্মতা বোধ হিন্দুদের ক্ষেত্রে বড় আলগা ছিল। বিজয়ীর পদতলে সেই যে হিন্দুর ঠাঁই হল, তা থেকে তার মুক্তি ১৭৫৭-তেও ঘটল না। কেবল প্রভু বদল হল। ভাগ্যক্রমে ১৯৪৭-এ ভারত ত্রিখণ্ডিত হয়ে স্বাধীনতা নামক ললিপপ পেল। ভারত ত্রিধা বিভক্ত হল। হিন্দুদের দাবি মেনে নয়, মুসলমানদের, বলা ভালো, মহম্মদ আলি জিন্নার দাবি মেনে। মুসলমানদের জন্য পাকিস্তান, একটা পূবে সাবেক পূর্ববঙ্গ বা পূর্ব পাকিস্তান, আরেকটা পশ্চিম পাকিস্তান। কিন্তু নামে 'পাক' (পবিত্র) হলে কি হবে, পশ্চিমের মুসলিম ভাইয়েরা পূবের স্বগোত্রীয় ভাইদের উপর ছড়ি ঘোরাতে শুরু করল। এমন কি তাদের মুখের/প্রাণের ভাষার স্বাধীনতা হরণ করতে উদ্যত হয়। ১৯৫২ সালে শেখ মুজিবর রহমানের নেতৃত্বে ভাষাগত স্বাধীনতার দাবিতে পূর্ববঙ্গ বা পূর্ব পাকিস্তান উত্তাল হয়ে ওঠে। এক রাজ্যের মুসলিমের হাতে আরেক রাজ্যের মুসলিমরা আক্রান্ত, নির্যাতিত, নিগৃহীত হতে থাকে। অবশেষে ১৯৭১ সালে বহু মুসলিমের (এবং হিন্দুরও) প্রাণের বিনিময়ে পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশ রাষ্ট্ররূপে আবির্ভূত হয়। এই রাষ্ট্রের মুসলিম-হিন্দুর এবং গায়ে গায়ে লাগা প্রতিবেশী রাষ্ট্র ভারতের অঙ্গরাজ্য পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং অসমের লাখো বাঙালি হিন্দুর ভাষাগত ঐক্য থাকলেও ধর্মীয় নিরিখে তারা শত যোজন দূরে। অধিকাংশ মুসলিম (বাঙালি হয়েও) নিজেদের ধর্মীয় পরিচায়টাকে এত বেশি প্রাধান্য দেয় বলেই জাত-ভিত্তিক একটা পার্থক্য রেখা বড় বেশি বে-আব্রু হয়ে পড়ে।

সোজা কথা সোজাসুজিভাবে বলাই আমার অভ্যাস। সেই মোতাবেক বলছি, এখন পশ্চিমবঙ্গের জাতিগত জনবিন্যাসকে নিজেদের কুক্ষিগত করে তোলার চেষ্টা সংখ্যালঘুদের ভিতরে বেশ চারিয়ে গেছে। তারই ফলশ্রুতি পশ্চিমবঙ্গের পূর্ব সীমানা বরাবর ৯টি জেলায় মুসলমানদের উপস্থিতি/অবস্থিতির আনুপাতিক হারের অবিশ্বাস্য বৃদ্ধি। একে তো তাদের জন্মহার হিন্দুদের চেয়ে অনেক বেশি। এরপর আছে বৈধ এবং অবৈধভাবে এই পোড়া রাজ্যে অনুপ্রবেশ করে চিরস্থায়ী বসবাসের বন্দোবস্ত করা। এই কর্মে এরা সমধর্মী মানুষদের কাছে পেট্রোডলারের নিরন্তর অনুদান পাচ্ছে। আর ইসলামি শাসকদের আধিপত্যবাদিতা আজ বিশ্বস্বীকৃত। ইরাক, ইরান, সৌদি আরব, মিশর, লিবিয়া, ইথিওপিয়া, মালদ্বীপ—

যেদিকে তাকান, এক ছবি ফুটে উঠবে।

অনেক ধান্দাবাজ হিন্দু রাজনীতিক নিজের সাদা ইমেজটাকে আরো সফেদ করার জন্য ধর্মনিরপেক্ষতার বাণী ঝেড়ে কেবল মুসলিম উন্নয়নের কথাই বলে। এদেশে মুসলিমরা নিজগুণে বা নিজদোষে পিছিয়ে আছে। তাছাড়া হিন্দু জনগোষ্ঠীর মধ্যে কি দারিদ্র-অভাব নেই? কই, কোন রাজনৈতিক দল বা নেতার মুখে 'সংখ্যাগুরুর উন্নয়ন' কথাটি তো একবারও শুনলাম না। বরং আমাদের অর্থনীতিবিদ প্রধানমন্ত্রীর মুখে তেলমারা কথা শুনলাম, দেশের সম্পদে তাদের (মুসলিমদের) প্রথম অধিকার। কত বড় বিপজ্জনক কথা ভালোমানুষ প্রধানমন্ত্রী অবলীলায় বলে বসলেন। এখন তো সংরক্ষণের দানসাগর চলছে। কে কতবেশি সংরক্ষণ দিতে পারে, আর অসম প্রতিযোগিতা চলছে রাজ্যে-রাজ্যে এবং রাজ্যে-কেন্দ্রে। বহু বছর আগে আমাদের প্রিয় বিদ্রোহী কবি নজরুল 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় বলে গিয়েছিলেন, কাণ্ডারী, তুমি 'জাতির অথবা জাতের করিবে ত্রাণ?' না, সব ধড়িবাজ রাজনীতিকরা 'জাতের'র কার্ড খেলেই ক্ষমতার মসনদে বসে থাকতে ব্যগ্র। এদেশে এখন কে বলবে,

"শুনহ মানুষ ভাই,
সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।'

না, সেরকম আশার আলো দূর দিগন্তেও লক্ষিত হচ্ছে না। অতএব বিশ্বত্রাস ওসামা বিন লাদেনের পরেও আবার হাজার হাজার লাদেন জন্ম নেবে, সক্রিয় হয়ে উঠবে এবং বিশ্বের রাজনৈতিক পরিস্থিতিকে উথাল পাতাল করে তুলবে। এই ইসলামি সমাজের (ব্যতিক্রম বাদ দিয়ে) চরিত্রশুদ্ধির এবং শুভবোধের জাগরণ যতক্ষণ না হচ্ছে, ততক্ষণ ততদিন পৃথিবীতে আরো বহু রক্তপাত, বহু সংঘর্ষ, বহু অশান্তি ঘটতে থাকবে।

গ্রন্থকার অম্বিকাপ্রসাদ পাল কোন প্রথাসিদ্ধ লেখক নন। কিন্তু যেহেতু সংবেদনশীল মানুষ, তাই দেশে বা সমাজ ব্যবস্থায় যা কিছু বিসদৃশ দেখেছেন সেই বিষয়ে নিজের ব্যক্তিগত অনুভূতিকেই তিনি এখানে প্রশ্রয় দিয়েছেন। এর মধ্যে যদি কেউ মুসলিম-বিদ্বেষ লক্ষ্য করেন তাহলে আমি বলব, চশমাটা পাল্টান। আর আত্মানুশীলন, আত্মবীক্ষা করুন।

ওই তথাকথিত 'ধর্মনিরপেক্ষতা'র ভজ গোবিন্দ জপে আত্মাকে রক্ষা করা যাবে না। তিনি বিদ্বিষ্ট হওয়ার কথা কোথাও বলেন নি। কিন্তু হকের অধিকার রক্ষায় যে জাতি কানা বা অন্ধ তার বা তাদের জ্ঞানচক্ষু উন্মীলনের প্রয়াস তিনি করেছেন। একান্ত আশা করব, তাঁর উদ্দেশ্য সাফল্য অর্জনে সমর্থ হবে।

১৯৪০ সালের ২৩শে মার্চ লাহোরে মুসলিম লিগের অধিবেশনে পাকিস্তান প্রস্তাব গৃহীত হয়েছিল। সভাপতি ছিলেন মহম্মদ আলি জিন্না।

অধিবেশনে অখণ্ড ভারতের ষাট হাজার মুসলিম প্রতিনিধি যোগ দিয়েছিলেন। প্রস্তাবে বলা হয়, হিন্দু ও মুসলিম এক জাতি, এ-এক স্বপ্ন কথা। এই এক জাতিত্বের কথা মুসলমানদের সহ্যের সীমার বাইরে চলে গিয়েছে। ওই এক জাতির ধারণা পাল্টে না দিলে ভারত ধ্বংস হবে। হিন্দু ও মুসলমান সভ্যতা আলাদা। তাদের মধ্যে কোনদিন মিল ছিল না। মিল হবে না। হিন্দুর জয় মানে মুসলমানের পরাজয়। মুসলমানের জয় মানে হিন্দুর পরাজয়। গত সাতশো বছরে হিন্দু মুসলমান ঐক্য হয়নি, ভবিষ্যতেও হবে না।

মুসলমানরা আলাদা জাতি। মুসলমান সংখ্যাগরিষ্ঠ অঞ্চল নিয়ে মুসলমানদের আলাদা দেশ চাই।

পাকিস্তান-প্রস্তাবের সাতবছর পরেই পাকিস্তানের জন্ম হয়েছিল। পাকিস্তানের জন্ম বৃদ্ধি ও স্থায়িত্ব নির্ভর করে ভারতের প্রতি বিদ্বেষ হিংসা ও শত্রুতার মাধ্যমে। সেই ট্র্যাডিশন সমানে চলেছে। ভারতীয় নেতৃবৃন্দের একজাতির ভাঙ্গা রেকর্ডও সমানে বেজে চলেছে। তাঁদের কাছে জানতে ইচ্ছে করে, ১৯৪০ সালের সেই ষাট হাজার মুসলিম প্রতিনিধির কতজন এই খণ্ডিত ভারতে বংশানুক্রমে বাস করছেন এবং তাঁদের মনোভাব কি লাহোর প্রস্তাবের বিরোধী? এ ছাড়া খণ্ডিত ভারতের কতগুলি অঞ্চল নতুন করে আবার মুসলমান সংখ্যাগরিষ্ঠ অঞ্চলে পরিণত হয়েছে সে খবর কি তাঁরা জানেন?

গত ২০শে ফেব্রুয়ারি ১৯৯৯ ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী একতরফা শান্তির বাণী নিয়ে পাকিস্তান গেলেন। তাঁর গাড়ি লক্ষ্য করে ইট পাটকেল ছোঁড়া হলো, বিক্ষোভ দেখানো হল। সেনা প্রধানেরা সাক্ষাৎ করার সৌজন্যটুকু দেখাল না। মার্চ ১৯৯৯ পাকিস্তানের উর্দু দৈনিক "জঙ্গ"-এ খবর বেরিয়েছে, বাজপেয়ীর স্পর্শে 'অপবিত্র' মিনার গোলাপ জল দিয়ে ধুয়ে সাফ করে সেখানকার জামাত-ই-ইসলামির সমর্থকরা।

তবু অটল বিহারী বাজপেয়ী সাম্প্রদায়িক। ১০/৫/৯৫ তারিখে নারীবাদী সংগঠন 'কল্যাণী'র সভানেত্রী সরলা মুদ্গালের আবেদনের ভিত্তিতে এক রায়ে সুপ্রিম কোর্ট অভিন্ন দেওয়ানী আইন চালু করার জন্য সরকারকে অনুরোধ করেছেন। তার আগে ২৩/৪/৮৫ তারিখে শাহবানু মামলার রায়েও সুপ্রিম কোর্ট জাতীয় সংহতির স্বার্থে অভিন্ন দেওয়ানি আইন চালু করতে বলেছিলেন।

২৫/৭/৯৫ তারিখের খবর, জ্ঞান চাঁদ ঘোষ তার স্ত্রী সুস্মিতা ঘোষ বর্তমান থাকতে বিনতা গুপ্তকে দ্বিতীয়বার বিবাহ করে। সুস্মিতা মামলা করেন। মামলায় নিশ্চিত শাস্তির ভয়ে জ্ঞানচাঁদ এক মৌলবীর আশ্রয় নেয়। মৌলবী জ্ঞানচাঁদ ও বিনতাকে তাদের বিবাহের আগের কোন এক তারিখে ধর্মান্তরিত করে। নাম দেয় করিম গাজী ও হেনা বেগম। মুসলিম

আইনের সাহায্যে জ্ঞানচাঁদের কোন শাস্তি হয় না। এরই পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্ট মৌলবীর এ হেন অমানবিক কাজের নিন্দা করেন এবং সরকারকে অভিন্ন দেওয়ানি বিধি চালু করার সুপারিশ করেন।

এরকম অসংখ্য ঘটনার উল্লেখ করা যেতে পারে। ভারতীয় সংবিধানে ধর্মীয় সংখ্যা লঘুদের জন্য স্বতন্ত্র ব্যক্তিগত আইনের বন্দোবস্ত থাকলেও ক্রমে সব সম্প্রদায়ের ক্ষেত্রে প্রযোজ্য অভিন্ন আইন প্রণয়নের নির্দেশ আছে। (সুপ্রিম কোর্ট তাঁর রায়ে বারবার আর কালক্ষেপ না করে সেই সাংবিধানিক নির্দেশ কার্যকর করার জন্য সরকারকে অনুরোধ করছেন)। ভারতীয় জনতা পার্টিও দীর্ঘদিন যাবৎ এই দাবী জানিয়ে আসছে। ভারতীয় জনতা পার্টিও সেজন্য সাম্প্রদায়িক। সুপ্রিম কোর্টও কি সাম্প্রদায়িক? ৬০ বছর আগে বর্ধমান জেলায় স্কুলে আমরা একসঙ্গে সংস্কৃত পড়তাম। একসঙ্গে 'বন্দেমাতরম্' গাইতাম। আমাদের স্কুলে শতকরা প্রায় তিরিশজন মুসলমান ছাত্র ছিল। আমার সহপাঠী অনেক মুসলমান ছাত্র, কেউ স্কুলের প্রধান শিক্ষক, কেউ লেবার কমিশনার ইত্যাদি হয়ে জীবনে প্রতিষ্ঠিত হয়েছে। সকলেই কর্মজীবন থেকে অবসর নিয়েছি। দেখা সাক্ষাত হলে আগেকার অন্তরঙ্গতা এবং আন্তরিকতায় মন ভরে ওঠে।

এখন স্কুলে কোন মুসলমান ছাত্র পড়ে না। পার্শ্ববর্তী গ্রামে তিনটি মাদ্রাসা হয়েছে। বাইশ বছরের জ্যোতি বসুর শাসনে সর্বত্র মাদ্রাসা শিক্ষার প্রসার ঘটেছে। মুসলমানেরাও আর তাদের ছেলেদের হিন্দুদের সঙ্গে মিশতে দিতে চায় না। শৈশব এবং কৈশোর মেলামেশায় কত মধুর স্মৃতি কত আনন্দ এবং অন্তরঙ্গতা এখনকার উভয় সম্প্রদায়ের শিশুরাই তা থেকে বঞ্চিত। সম্প্রীতি গড়বে কে? সম্প্রীতির মুলোচ্ছেদ করে দিয়ে কমিউনিষ্ট পার্টি প্রতিদিন ভাঙা রেকর্ড বাজিয়ে চলেছে "সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করুন"। এরা ভণ্ড, মিথ্যাচারী, এরা নিজেরাই সব থেকে বড় সাম্প্রদায়িক। কিন্তু একথা বললে পিঠের চামড়া থাকবে না। অত্যন্ত ঘনিষ্ঠ দু একজনকে একথা বলতে গিয়ে শুনেছি, তুমি বড্ড সাম্প্রদায়িক। শাহবানু নামে এক ভদ্রমহিলাকে তাঁর স্বামী তালাক দিলে তিনি খোরপোষের জন্য স্বামীর বিরুদ্ধে মামলা করেন। হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট তাঁদের রায়ে শাহবানুর ভরণপোষণের দায়িত্ব নিতে তাঁর স্বামীকে নির্দেশ দেন। সঙ্গে সঙ্গে সারা ভারত জুড়ে মৌলবাদী মুসলিম সংগঠনগুলি তাণ্ডব শুরু করে দিল। কারণ তাদের শরীয়তি আইনে স্বামী-পরিত্যক্তা অনাথা-মহিলাকে খোর পোষ দেবার কথা লেখা নাই। সুতরাং ভারতের সংবিধান, আইন, এমনকি সুপ্রিম কোর্টের রায়ও তারা মানবে না। ভারতের প্রধানমন্ত্রী মহামতি রাজীব গান্ধী। তাঁর মুসলমান ভোটের বিশেষ প্রয়োজন। সংসদে সংখ্যাগরিষ্ঠতার জোরে তিনি "মুসলিম মহিলা বিল" পাশ করালেন। সুপ্রিম কোর্টের রায় সংসদে দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে বাতিল করা যায়। কংগ্রেসের সঙ্গে তথাকথিত ধর্মনিরপেক্ষরা এই বিলকে সমর্থন করেছিলেন।

মুসলিম মহিলা বিলে কি বলা হয়েছে? বলা হয়েছে, তালাক প্রাপ্তা মুসলিম মহিলারা খোর পোষ অর্থাৎ ভরণ পোষণের অর্থ পাবেন। তবে তাঁদের তালাক দেওয়া স্বামীরা-এর

কোন দায়ভার গ্রহণ করবে না। তবে কে টাকা দেবে? মহিলার পিতা মাতা বা ভাই। তারা দিতে অস্বীকার করলে টাকা দেবে ওয়াকফ্ বোর্ড। ওয়াকফ্ বোর্ড কোথা থেকে টাকা পায়? রাজ্য সরকার ও কেন্দ্র সরকার ওয়াকফ্ বোর্ডকে প্রতিবৎসর টাকা যোগায়। পশ্চিমবাংলার ধর্মনিরপেক্ষ বামফ্রন্ট সরকার প্রতি বৎসর ওয়াকফ্ বোর্ডকে ১-২ কোটি টাকা অনুদান দেয়। সরকার টাকা পায় কোথা থেকে? আমাদের মতো সাধারণ নাগরিকদের উপর কর চাপিয়ে।

তাহলে জিনিসটা কি দাঁড়ালো? মুসলমান পুরুষেরা ৪টা পর্যন্ত বিবাহ করবে আর তালাক দেবে। আর সেই তালাকপ্রাপ্তা মহিলার ভরণ পোষণ যোগাবে হিন্দুরা। বাহবা রাজীব গান্ধী। বাহবা ধর্মনিরপেক্ষ কমিউনিস্ট প্রভুরা। পৃথিবীর আর কোন দেশে এমন অমানবিক আজগুবি আইন আছে?

কিন্তু একথা বলতে মানা। বললে তুমি হবে সাম্প্রদায়িক। সাপ্তাহিক বর্তমান ১০ই ডিসেম্বর ১৯৯৪ সংখ্যা ৮-এর পাতায় প্রকাশিত অতনু ভট্টাচার্যের রাজধানীর চিঠির শিরোনাম "পাকিস্তানি চরদের বেকসুর খালাস" থেকে কিছু অংশ—

গত ২৩শে নভেম্বর লখনউ-এর ইসলামিক আরবিক শিক্ষার কলেজ "দারউল উলাম নাদগুয়াতুল উলেমা" সংক্ষেপে নাদগুয়া কলেজ থেকে ওই কলেজের ছাত্র গায়নার নাগরিক আবু বকরকে, আই. বি. গ্রেপ্তার করে। সঙ্গে সঙ্গে রাজনৈতিক মহলে এমন শোরগোল ওঠে বুঝি বা এর ফলে দেশটা রসাতলে গেল। এই বিদেশী নাগরিক আবু বকর বিগত ৮ বছর ধরে ওই কলেজের ছাত্র ছিল এবং কলেজ ক্যামপ্যাস থেকে সে পাকিস্তানি আই. এস. আইয়ের হয়ে চরবৃত্তি চালিয়েছে। ১৯৯৩ সালের ৬ই ডিসেম্বর দেশব্যাপী বিভিন্ন রাজধানী এক্সপ্রেসে বোমা বিস্ফোরণের মূল নায়ক ছিল এই আবু বকর আর তার দোসর ছিল রায়বেরিলির একটি ইসলামিক কলেজের শিক্ষক খুরশিদ আহমেদ।

এ হেন আবু বকরকে গ্রেপ্তার করে আই. বি. এদেশের ধর্মনিরপেক্ষ শাসকদের চোখে এক গর্হিত অপরাধ করে ফেলল। সঙ্গে সঙ্গে মুলয়াম সিং যাদব (তৎকালীন মুখ্যমন্ত্রী) ওই এলাকার এস. পি.-কে বদলী করে এবং স্থানীয় থানার দুই ইন্সপেক্টরকে সাসপেন্ড করে। কারণ, রাজনৈতিক নেতৃত্বকে না জানিয়ে তারা আই. বি.-কে সহায়তা করেছে। তার পর ক্ষমা চাওয়ার পালা। নাদগুয়া কলেজের রেক্টর আলি মিঞার কাছে আই. বি.'র এই অপরাধের জন্য ক্ষমা চাইতে গেলেন মুখ্যমন্ত্রী মুলায়ম সিং যাদব ও প্রধানমন্ত্রীর হয়ে কেন্দ্রীয় রেলমন্ত্রী সি. কে. জাফর শরিফ। তারপর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক আই. বি'র সেই দুজন অফিসারকেও সাসপেন্ড করে।

এই হল আমাদের জাতীয় রাজনৈতিক নেতৃত্বের চরিত্র, দেশপ্রেম। দেশ ও জাতির সঙ্গে এত বড় ভণ্ডামি তথা বিশ্বাসঘাতকতা, জাতীয় নিরাপত্তা নিয়ে এভাবে ছেলেখেলা করার এক জঘন্য নজীর সৃষ্টি করলেন নরসিমা রাও, এস. বি. চ্যবন, মুলায়ম, জাফর শরীফ এবং রাজেশ পাইলট।

জাতীয় নিরাপত্তার স্বার্থ রক্ষা করতে গিয়ে, প্রকৃত দেশসেবা করতে গিয়ে আজ মুসলিম

ভোট ব্যাংকের যূপ-কাষ্ঠে বলি হলেন ৫ জন দক্ষ ও সৎ অফিসার। আর আই. এস. আইয়ের চরেরা বেকসুর খালাস পেয়ে গেল। দেশ চুলোয় যাক। মানুষের চামড়া গায়ে থাকলে ভারতে বোধহয় রাজনীতিক হওয়া যায় না। এ দেশটাকে বাঁচাবার জন্য ঈশ্বরের কৃপা প্রার্থনা করা ছাড়া কোনও উপায় নাই।

এসব সংবাদ পড়ো—কিন্তু সাবধান, কাউকে কিছু বলো না। তাহলে তুমি হয়ে যাবে সাম্প্রদায়িক।

ভগবান শ্রীরামচন্দ্র ঐতিহাসিক পুরুষ না পৌরাণিক নায়ক অথবা শুধুমাত্র রামায়ণ-মহাকাব্যের মহানায়ক এসব প্রশ্নকে বাদ দিয়ে বলা যায়, শ্রীরামচন্দ্র এই ভারতবর্ষে সবচেয়ে জনপ্রিয় এক আদর্শ ব্যক্তিত্ব। ভারতবাসীর একান্ত ঘরের লোক। ভারতীয় জনমানসে সর্বোচ্চ শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত। হাজার হাজার বছর ধরে ভারতবর্ষের ধর্ম, সমাজ, সংস্কৃতি, শিল্প-সাহিত্য এবং গৃহধর্মে শ্রীরামচন্দ্র কেন্দ্রীয় চরিত্র।

তাঁর জন্মস্থান, জন্মতিথি এমন কি লগ্ন নক্ষত্র (কর্কট লগ্ন পুনর্বসু নক্ষত্র) পর্যন্ত নির্ধারিত হয়েছে এবং হাজার হাজার বছর ধরে পালিত হয়ে আসছে। ভারতবর্ষে অযোধ্যা-তীর্থস্থান, রাম নবমী মহাব্রত।

প্রত্নতত্ত্ববিদরা দেখতে পেয়েছেন অযোধ্যায় রামজন্মভূমিতে একাদশ শতাব্দীতে নির্মিত মন্দিরের ভিত্তি ও স্তম্ভ এখনও আছে।

বাবর বিদেশী হানাদার বা আক্রমণকারী, হিন্দুদের মনোবল ভেঙে দেবার জন্য রাম জন্মভূমির মন্দিরের উপরের অংশ ভেঙে দিয়ে তারই ওপরে বাবর বিজয়ের স্মারক স্তম্ভ নির্মাণ করে মাত্র। ইসলামিক প্রথাসম্মত সেটি কোন মসজিদই নয়।

এই ঘটনায় হিন্দুদের মনোবল ভাঙে নাই। রামজন্মভূমির মন্দির পুনরুদ্ধারের জন্য হিন্দুরা সেই সময় থেকে আজ পর্যন্ত সাতাত্তরবার লড়াই করেছে। বাবরের সময়ই হয়েছিল একুশবার লড়াই। প্রথমবার হংসবরের রাজা বিজয় সিংহের নেতৃত্বে। সম্মুখ সমরে রাজা প্রাণ হারালে মহারাণি জয়রাজকুমারী এবং তাঁর গুরু মহেশ্বরানন্দ গেরিলা রণনীতির সাহায্যে বিশবার আক্রমণ চালিয়ে শেষে মন্দির উদ্ধার করেন। কিন্তু দখলে রাখতে পারেন নি। ওই সময় তিন হাজারের বেশী নারীও যুদ্ধে অংশ নিয়েছিলেন। হুমায়ুনের রাজত্বে দশবার এবং আকবরের রাজত্বে বিশবার লড়াই হয়েছিল। শেষে আকবর ওই সৌধের পাশে মন্দির নির্মাণের অনুমতি দেন। জাহাঙ্গীর এবং শাহজাহানের সময় পর্যন্ত একই অবস্থা বজায় ছিল। কিন্তু প্রচণ্ড হিন্দু বিদ্বেষী ঔরঙ্গজেব ওই মন্দির ভাঙতে মোগলবাহিনী পাঠায়। সাধু বৈষ্ণবদাস মহারাজের নেতৃত্বে দশহাজার সাধু এবং গৃহী ক্ষত্রিয়রা সেই সঙ্গে গুরু গোবিন্দ সিংহের নেতৃত্বে শিখ সৈন্য বাহিনীর ত্রিশবার লড়াই হয়। মন্দির উদ্ধার হয়। এর বিনিময়ে দশ হাজার হিন্দুকে প্রাণ দিতে হয়। হিন্দুদের প্রাণ দানের জায়গাটি শংকর চবুতরা বা সন্ত সমাধি নামে খ্যাত।

হিন্দুবিদ্বেষী ঔরঙ্গজেব দমবার পাত্র নয়। এক রমজান মাসের সপ্তম দিনে ঝটিতে আক্রমণ করে মন্দির পুনরায় দখল করে মন্দির চবুতরা সমস্ত ধ্বংস করে মাটিতে মিশিয়ে

দেয়। সেই যুদ্ধেও দশ হাজার হিন্দুর প্রাণ যায়। এই সমস্ত ঘটনার বিবরণ বাবর নামা, দেওয়ান-ই-আকবরি এবং আলমগির নামায় উল্লেখ আছে। অথচ কিছু ধান্ধাবাজ রাজনীতিক এসব তথ্যকে স্বীকারই করে না।

হিন্দুরা হেরে গেলেও প্রতি বছর রাম নবমী তিথিতে তাঁরা সেখানে যেতেন, পূজা দিতেন এবং মন্দির উদ্ধার করার শপথ নিতেন। ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের সময় হনুমানগড়ির নির্বাণী মোহন্ত উদ্ধব দাসের নেতৃত্বে ওয়াজেদ আলির সৈন্যদের যুদ্ধ হয়। ওয়াজেদ আলি ফরমান জারী করে জন্মস্থানে পাঁচিল ঘেরা জায়গায় হিন্দুদের মন্দির নির্মাণ ও পূজা উপাসনা করবার অধিকার ফিরিয়ে দেন। ওয়াজেদ আলি, আমেথির আমির আলী, অযোধ্যার দেবী বকস, বাবা রামচরণ দাস প্রভৃতি এবার একসঙ্গে ইংরেজের বিরুদ্ধে লড়াইয়ে সামিল হয়। কিন্তু সিপাহী বিদ্রোহ ব্যর্থ হয়। রাম জন্মভূমির কাছেই একটি তেঁতুল গাছে ইংরেজরা আমির আলি ও বাবা রামচরণ দাসকে ফাঁসী দেয়। হিন্দু মুসলমান উভয় সম্প্রদায় ওই তেঁতুল গাছের তলায় ফুল দিয়ে শহীদদের শ্রদ্ধা জানাতো। তাই দেখে ইংরেজ শাসক ওই তেঁতুল গাছটি শিকড়সুদ্ধ উপড়ে দেয় আর ওয়াজেদ আলির ফরমান নাকচ করে রামজন্মভূমিতে হিন্দুদের প্রবেশ নিষিদ্ধ করে। ১৯১২ সালে হিন্দুরা আবার রুখে দাঁড়ায়। অযোধ্যার নির্মোহী আখড়ার সন্ন্যাসীরা বহু প্রাণের বিনিময়ে মন্দিরের একাংশ উদ্ধার করেন। বাকী অংশ উদ্ধারের জন্য লড়াই হয় ১৯৩৪ সালে। ১৯৩৪-এ ইংরেজ শাসক হিন্দুদের উপর পিটুনী কর ধার্য্য করে আর মুসলমানদের ওই স্থানে প্রবেশ নিষিদ্ধ হয়। ১৯৩৪ সালের পর থেকে আজ পর্যন্ত কোন মুসলমান ওখানে নমাজ পড়েনি এমনকি জুম্মাবারেও নয়।

১৯৪৭ রক্তক্ষয়ী দাঙ্গায় ভারত তিন টুকরো হয়ে দুটো অংশ হলো ইসলামিক রাষ্ট্র। ১৯৫০ সালের খণ্ডিত ভারতের অযোধ্যায় রাম জন্মভূমিতে রামলালার মূর্তি প্রতিষ্ঠিত হয় এবং সেখানে সেবা পূজা ও উপাসনা চলতে থাকে। আজকের জিন্না বলে নিজেকে যিনি গৌরবান্বিত মনে করেন, খণ্ডিত ভারতে নতুন করে দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা সৈয়দ সাহাবুদ্দিন ও তাঁর সাগরেদরা বলছেন, ওখান থেকে রামলালার মূর্তি হটিয়ে দিয়ে ওখানে পুনরায় নমাজ পড়তে দিতে হবে। বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল বলছেন, বাবরের স্মৃতি স্তম্ভ আমরা ভাঙতে চাই না। আধুনিক উন্নত প্রযুক্তির মাধ্যমে সেটা আমরা নিজেদের খরচে কিছুটা দূরে সরিয়ে দিয়ে রামচন্দ্রের জন্মস্থানে মন্দির তৈরি করবো। তাঁরা আরও বলেছেন, এই বিবাদ মীমাংসার জন্য উভয় সম্প্রদায়ের ভিতর থেকে জ্ঞানী-পণ্ডিত ঐতিহাসিক এবং পুরাতত্ত্ববিদদের নিয়ে একটি কমিটি গড়া হোক। তাঁরা পরীক্ষা করে দেখুন, রামজন্মভূমিতে কোন প্রাচীন স্থাপত্যের নিদর্শন পাওয়া যায় কিনা! না কেন্দ্রীয় সরকার, না মুসলিম নেতৃবৃন্দ কেউ কর্ণপাত করলো না। উল্টে আদালতে মামলা দায়ের করে বিবাদ জিইয়ে রাখা হলো। এই প্রসঙ্গে একটি ঘটনার উল্লেখ করা যেতে পারে। স্বাধীনতার পর সরকারী উদ্যোগে ইসলামি আক্রমণে ধ্বংসপ্রাপ্ত ও অপবিত্রকৃত গুজরাটের সোমনাথ মন্দিরের পুনঃপ্রতিষ্ঠায় মুসলমান সমাজে কোন প্রতিক্রিয়া হয় নাই। তেমনি ওই সময়ে রাম জন্মভূমিতে রামলালার বিগ্রহ প্রতিষ্ঠায়ও কোন প্রতিবাদ হয় নাই। পঁয়তাল্লিশ বছর পরে তাহলে এত প্রতিবাদ

কেন? প্রতিবাদ হতো না। যদি কেন্দ্রীয় সরকার সত্য কথা বলতে পারতো। যদি বলতো, বাপুহে, তোমরা চেঁচামিচি করো না। ভারতবর্ষে মুসলমান রাজত্বের ইতিহাস মানে হিন্দুর মন্দির ধ্বংস আর হিন্দুদের ধর্মান্তরকরণের ইতিহাস। ভারতে যত মসজিদ আছে তার শতকরা পঞ্চাশটির বেশী তো হিন্দুমন্দির ধ্বংস করেই করা হয়েছে। তোমরা দেশমাতার অংগচ্ছেদ করে আলাদা ইসলামিক রাষ্ট্র গড়েছ। এখানে সমান অধিকার নিয়ে বাস করছ। হিন্দু মুসলমানের সম্প্রীতির স্বার্থে তোমরা এটুকু মেনে নাও। তাছাড়া এই মন্দিরের জন্য হিন্দুরা সাড়ে-চারশো বছরের বেশী লড়াই করে লক্ষাধিক হিন্দু প্রাণ পর্যন্ত দিয়েছে।

কিন্তু হায়! কে বলবে, রাজা মশায় ল্যাংটো। স্বার্থপর, ধান্দাবাজ, দেশদ্রোহী রাজনৈতিক নেতারা শুধুমাত্র গদিতে টিকে থাকার লোভে সীমাহীন মুসলিম তোষণ করে মুসলিম ভোটব্যাংক তৈরি করেছে। একের পর এক তাঁদের অন্যায় দাবী মেনে চলেছে।

হিন্দু জনসমাজ দেখলো, সাহাবুদ্দিন প্রমুখ মৌলবাদী মুসলিম নেতাদের সঙ্গে নপুংসক স্বার্থান্বেষী কতিপয় হিন্দুনেতার যোগসাজসে ভারতীয় সমাজ সংস্কৃতি ও ধর্মের ওপর বিদেশী আক্রমণ চিরস্থায়ী হতে চলেছে। হিন্দু সহনশীলতার সীমা অতিক্রম করলো। ৬ই ডিসেম্বর ১৯৯২, কর সেবকরা বিতর্কিত সৌধ ধূলিসাৎ করে দিল।

সারা পৃথিবী জুড়ে শুরু হলো হিন্দু মন্দিরের উপর আক্রমণ। বাংলাদেশ, পাকিস্তান, ব্রিটেন, আমেরিকা থেকে দক্ষিণ আফ্রিকা পর্যন্ত সর্বত্র অসংখ্য হিন্দু মন্দিরের উপর আক্রমণ হলো। অথচ তার কোন প্রতিবাদ হলো না। কিন্তু বাবরি মসজিদের শোকে সবাই পাগল। শোকের প্রথম ধাক্কা কাটিয়ে আবার শুরু হলো মুসলিম তোষণ। তোমাদের বাবরি মসজিদ আমরা আবার তৈরি করে দেবো। তোমরা আমাদের ক্ষমা করো। দয়া করে তোমাদের ভোট থেকে আমাদের বঞ্চিত করো না।

মুসলিম তোষণের সঙ্গে সাম্প্রদায়িক সুড়সুড়ি। প্রতিবছর ঘটা করে ৬ইক ডিসেম্বর কালা দিবস পালন। ভ্রষ্টাচারী ভণ্ড রাজনৈতিক নেতারা, নিজেদের পিতামাতার জন্ম / মৃত্যুদিনের খবর রাখে না। কিন্তু বাবরির শোক ভুলতে পারে না।

বাবরি মসজিদ ধ্বংসের পর কলকাতায় সাম্প্রদায়িক দাঙ্গা শুরু হলো। মুসলমানেরাই প্রথম আক্রমণ করলো। প্রথমদিন সরকার দাঙ্গা দমনের বিশেষ ব্যবস্থা নিলো না। কারণ এতে মুসলমানদের সেন্টিমেন্টে আঘাত লাগবে। পরদিন যখন অবস্থা আয়ত্বের বাইরে চলে যাচ্ছে, তখন সরকার কঠোর ব্যবস্থা নিয়ে দাঙ্গা দমন করলো। প্রথম দিন কঠোর হলে কিছু হিন্দুর জীবন ও সম্পত্তি রক্ষা হতো।

তারপর শুরু হলো দেশব্যাপী বাবরি ধ্বংসের নিন্দায় ধিক্কার মিছিল আর সম্প্রীতির জন্য শান্তি মিছিলের সমারোহ। অথচ সেই সময় সারা পৃথিবী জুড়ে যে কয়েক হাজার হিন্দু মন্দির ধ্বংস হলো, সে সম্পর্কে কেউ টুঁ শব্দটিও করলো না।

: অযোধ্যা কাণ্ড :

৬.১২.১৯৯২ - করসেবকরা অযোধ্যার বিতর্কিত সৌধ ধূলিসাৎ করে দেয়।

৭.১২.১৯৯২ - ১) বাংলাদেশের সব জেলায় বহু ধর্মস্থান ভাঙচুর করা হয়েছে।
২) ভারতীয় দূতাবাস ও ইন্ডিয়ান এয়ার লাইনস্ অফিসে ভাঙচুর ও আগুন।

৮.১২.১৯৯২ - ১) ক্ষুব্ধ "বিশ্ব মুসলিম সমাজ"।
২) পাকিস্তানে বহুমন্দির ধ্বংস, গুলি, জীবন্ত পুড়িয়ে হত্যা।
৩) করাচিতে মন্দিরে আগুন।
৪) ইরান, দুবাইয়ে বিক্ষোভ, ব্রিটেনে মন্দিরে আগুন।
৫) দি লীগ অফ দি ইসলামিক ওয়ার্ল্ড এর দাবী, মসজিদ পুনর্নির্মাণ করে দিতে হবে।
৬) বাম ও জাতীয় ফ্রন্টের ডাকে কংগ্রেস(ই)-র সমর্থনে ভারত বন্ধ।

৯.১২.১৯৯২ - ১) পাকিস্তান থেকে ভারতীয় দূতাবাসের কর্মীরা নিঃস্ব হয়ে ভারতে ফেরেন।
২) বাংলাদেশ ও পাকিস্তানে সশস্ত্র সংঘর্ষ শুরু।
৩) বাংলাদেশি হিন্দু শরণার্থীরা ভারতে ঢুকতে শুরু করেন।
৪) মধ্যপ্রাচ্য, এশিয়া, বৃটেনে এবং আমেরিকায় হাঙ্গামা চলছে হিন্দুদের ধর্মস্থানে।
৫) ভারত সরকারের নিন্দায় মুখর বিশ্বের মুসলিম দেশগুলি।
৬) রাষ্ট্রসংঘে ইসলামিক কনফারেন্সভুক্ত দেশগুলির ভারতের বিরুদ্ধে কঠোর সমালোচনা।

১০.১২.১৯৯২- ১) ব্রিটেনে আরও হাঙ্গামা—আরও কিছু হিন্দু মন্দির আক্রান্ত।
২) পাকিস্তান ও বাংলাদেশের গ্রামাঞ্চলে দাঙ্গা ছড়িয়ে পড়েছে।

১১.১২.১৯৯২- ইরানে ভারতীয় দূতাবাসে হামলা।

১২.১২.১৯৯২- ১) চট্টগ্রামে ৭০০ বাড়ি ভস্মীভূত, ৪২টি মন্দির আক্রান্ত, ৫০ হাজার লোক বাড়ি ছাড়া।
২) সৌধ পুনর্নিকমাণের দাবি জানাল বাবরি অ্যাকশন কমিটি।
৩) মসজিদ গড়ে দিতে হবে : সোচ্চার নওয়াজ, খালেদা।

১৯.১২.১৯৯২ - দক্ষিণ আফ্রিকায় মন্দির ধ্বংস।

(২)

'বন্দেমাতরম' সঙ্গীত প্রাক্ স্বাধীনতাকালে ইংরেজের বিরুদ্ধে সমগ্র ভারতবাসীকে জাতীয়তাবাদে উদ্বুদ্ধ করেছিল। আর কোন সঙ্গীত জাতীয় মানসকে এত বিপুল ভাবে নাড়া দেয়নি বা স্বাধীনতা সংগ্রামকে এত বেশী প্রেরণা দিতে পারেনি।

ভারতের বিভিন্ন প্রান্তে বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথাচাড়া দিয়ে উঠছে। ভারত আমাদের জননী। তাঁর অঙ্গে আঘাত করা পাপ। এই ভাবধারায় বন্দেমাতরম সঙ্গীতকে মর্যাদা দেওয়ার কথা ভাবা হয়। লোকসভার একজন সদস্য এ সম্পর্কে প্রস্তাব আনেন। বিস্তর আলোচনার পর লোকসভার অল পারপাসেজ কমিটি সিদ্ধান্ত নেয়, লোকসভার যখনই অধিবেশন বসবে, তখন রোজ সভার শুরুতে 'বন্দেমাতরম', গাওয়া হবে এবং সভার সমাপ্তিতে জাতীয় সঙ্গীত 'জনগণমন' গীত হবে।

কিন্তু গত ২৪শে নভেম্বর ১৯৯২ সংসদের শীতকালীন অধিবেশনের প্রথম দিন কতিপয় সাংসদের আপত্তির ফলে লোকসভার অধ্যক্ষ বন্দেমাতরম সঙ্গীতটিকে চেপে দিয়েছেন। পার্লামেন্টে 'বন্দেমারতম' গান কখনও শোনা যাবে না।

কারা আপত্তি করছে? মুসলিম লীগের সুলেমান সইত, বাবরি মসজিদ অ্যাকশন কমিটির সৈয়দ সাহাবুদ্দিন, সি.পি.এম-এর সোমনাথ চট্টোপাধ্যায় এবং সি.পি. আইয়ের ইন্দ্রজিৎ গুপ্ত।

ভারতীয় জাতীয়তাবাদে যাদের কোনদিন আস্থা ছিল না এবং আজও নেই, সেই মুসলিম লীগ ও ভারতের কমিউনিস্ট পার্টি একদিন মনুমেন্ট-এর নীচে দাঁড়িয়ে মিলিতভাবে দাবী করেছিল, দেশ জননীর অঙ্গচ্ছেদ করে পাকিস্তান গড়তে হবে। তাই তাদের কাছে দেশ বা জাতি আর কি-ই বা আশা করতে পারে? কিন্তু পার্লামেন্টের অন্য সদস্যরা কি করে এতবড় এক কলঙ্ককে মেনে নিলেন? মৌলবাদী সাহাবুদ্দিন নাকি এর মধ্যে সাম্প্রদায়িকতার গন্ধ পেয়েছে। আর কমিউনিস্টরা সমর্থন করেছে। এই অভিযোগ তারা আগেও করেছিল। মৌলবাদী 'আজাদ' পত্রিকা তদানীন্তনকালে সমালোচনা করে আর কমিউনিস্টদের 'স্বাধীনতা' পত্রিকা তাকে সমর্থন জানায়। কিন্তু পত্রিকাদুটির বিরুদ্ধে রুখে দাঁড়ান সীমান্ত গান্ধী খান আবদুল গফফর খান ও মৌলানা আবুল কালাম আজাদ। সীমান্ত গান্ধী বলেছিলেন, 'বন্দেমাতরম' মন্ত্র কোন বিশেষ সম্প্রদায়ের নয়। এই ধ্বনি 'ফতেমা মা' ধ্বনির ন্যায় পবিত্র। সেদিন এই পুরুষসিংহদের কাছে প্রতিবাদীরা শৃগালে পরিণত হয়েছিল। স্বাধীনতার পঞ্চাশ বছর পরে—আজ সেই শৃগালদের হুঙ্কারে ভারতীয় সাংসদরা মেষশাবকে পরিণত। লালকৃষ্ণ আডবানী দুঃখ ও ক্ষোভ প্রকাশ করেছেন।

লক্ষ-কোটি ভারতবাসী যে পবিত্র মন্ত্র উচ্চারণ করে ইংরেজের অকথ্য অত্যাচার সহ্য করেছেন, হাসি মুখে জীবন দান করেছেন, সেই পবিত্র সঙ্গীত 'বন্দে মাতরম'-এর লোকসভায় অবমাননা, কৌরব সভায় দ্রৌপদীর অপমানের সঙ্গে তুলনা করা যায়। লোকসভার অধ্যক্ষ অন্ধ ধৃতরাষ্ট্র। সোমনাথ সাহাবুদ্দিন দুর্যোধন দুঃশাসনের ভূমিকায়। আডবানী বিদুরের ভূমিকায়। লোকসভার সব বিবেক কৌরব সভার মত নিদ্রিত।

সাহাবুদ্দিন বলেছে 'বন্দেমাতরম' দুর্গাপূজা কালীপূজা এসব ইসলাম বিরোধী, তাই এসব মানা যায় না। তাহলে কি এবার দুর্গাপূজা, কালীপূজাও বন্ধ হবে? সোমনাথ বাবুরা কি বলেন? সংসদে কি একজন পুরুষসিংহ নেই, যিনি মুখের উপর বলতে পারেন—ভারতমাতার অঙ্গচ্ছেদ করে দু'দুটো ইসলামিক রাষ্ট্র গড়েছো। সেখানকার হিন্দুদের মেরে

কেটে তাড়িয়েছো। এখন ইসলামের চর্চা করতে হলে সেখানেই যাও। এই খণ্ডিত ভারতে তোমাদের মত লোকের আর জায়গা নাই।

পরিশেষে সোমনাথবাবুর কাছে একটি বিনীত জিজ্ঞাসা, তাঁর পরলোকগত পিতৃদেব অদ্বিতীয় সাংসদ অসাধারণ বাগ্মী শ্রদ্ধেয় নির্মল চন্দ্র চট্টোপাধ্যায় 'হিন্দুমহাসভা' করতেন। শ্রীরামপুর লোকসভা কেন্দ্র থেকে হিন্দুমহাসভার প্রার্থী হয়ে দাঁড়াতেও দেখেছি। সোমনাথবাবুও কি তাঁকেও সাম্প্রদায়িক মনে করেন?

(৩)

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের স্মৃতি বিজড়িত ১৭৫ বছরের ঐতিহ্যময় প্রতিষ্ঠান সংস্কৃত কলেজ বামফ্রন্ট সরকারের উদাসীনতায় আজ মৃত্যুপথ যাত্রী। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মনে করে সংস্কৃত বি.জে.পি.-র ভাষা। তাই একে মেরে ফেলাই ভাল। পরিবর্তে মুসলিম ভোটের জন্য মুসলিম তোষণ করতে 'উর্দু একাডেমী' প্রতিষ্ঠা করে উর্দু ভাষার উন্নতি সাধন করা আন্তর্জাতিক কর্তব্য। সেইজন্য আগে স্কুলে যে সংস্কৃত ভাষা পড়ানো হতো তা তুলে দেওয়া হয়েছে।

সম্প্রতি খবরে দেখলাম, সংস্কৃত কলেজের ১৮টি পদের মধ্যে ১৪টি খালি পড়ে আছে। বাকী ৪টি পদও স্বাভাবিক নিয়মে খালি হবে। খালি পদ পূরণের কোন ইচ্ছা নেই।

কেন্দ্রীয় সরকারের পাঠানো অনুদান রাজ্য সরকার নিতে অনিচ্ছুক।

সংস্কৃত ভাষা শিখলে ভারতের সাহিত্য, দর্শন, ইতিহাস, ঐতিহ্য সংস্কৃতি শিখতে পারবো। মূল্যবোধ, বিবেক জাগ্রত হবে। শাসকদলের ধাপ্পাবাজি ধরে ফেলবো। তাই এসব বাদ। শিশুপাঠ্য থেকে রামায়ন মহাভারত ইতিমধ্যে বাদ দেওয়া হয়েছে। ধর্ম, ন্যায়, নীতি সব বাদ, কেবল পার্টির নামে জিন্দাবাদ। তাহলে তুমি হবে ধর্মনিরপেক্ষ, নাহলে সাম্প্রদায়িক।

শতাব্দী প্রাচীন কংগ্রেস কবে মরে গিয়েছে। তার গলিত শবের নাম এখন ইন্দিরা কংগ্রেস। সেই দলে নেতৃত্ব দেবার কেউ না থাকায় রাজীব গান্ধীকে দলের সভাপতি এবং প্রধানমন্ত্রী করা হলো।

প্রধানমন্ত্রী হয়ে তিনি শ্রীলঙ্কায় তামিল উগ্রপন্থীদের শায়েস্তা করতে ছয় হাজারের বেশী ভারতীয় জওয়ানের প্রাণ নিলেন আর হাজার কোটি টাকারও বেশী অপচয় করে নিজের অবিমৃষ্যকারিতায় নিজের প্রাণ দিলেন। প্রধানমন্ত্রীত্ব কালে তাঁর অক্ষয়কীর্তি সংসদে মুসলিম মহিলা বিল পাশ মানহানি বিল পেশ করা ও তুলে নেওয়া। ১৩৭ দিন বিদেশ সফর এর মধ্যে শুধুমাত্র মার্কিন যুক্তরাষ্ট্র সফরে এস পি জি'র জন্য বছরে খরচ হতো ৪ কোটি ২০ লক্ষ টাকা। রাস্তায় নেমে পুলিশের সঙ্গে মারপিট করাটাও ছিল তাঁর প্রধানমন্ত্রীত্বের একটা অঙ্গ।

প্রিয়রঞ্জন দাশমুন্সীকে আমরা সেই সময় বলতে শুনলাম, "রাজীব চাইলে আমি দারোয়ান হতে রাজী।"

রাজীব গান্ধী মারা গেলেন, ইন্দিরা কংগ্রেস নামক দলটি একেবারে অনাথ হয়ে গেল। সবাই সোনিয়া গান্ধীর পদতলে আছড়ে পড়লো, আপনি কংগ্রেসের হাল ধরুন, আমাদের রক্ষা করুন। এদের কি আখ্যা দেওয়া যায়? অবশেষে সোনিয়া গান্ধী সভাপতি হলেন। কে এই সোনিয়া গান্ধী। তিনি প্রয়াত রাজীব গান্ধীর স্ত্রী। এটাই তাঁর সব পরিচয়।

তিনি জন্মসূত্রে বিদেশিনী, এখনও তিনি ইটালি ও ভারত দ্বৈত নাগরিকত্ব ভোগ করেন। বোফর্স কেলেঙ্কারিকে অভিযুক্ত ইটালির কাত্রোচ্চি পরিবারের তিনি ঘনিষ্ঠ। তাঁর দেহে পূর্বপুরুষের সূত্রে ১ ফোঁটা ভারতীয় রক্ত নেই। ত্রিশ বছর আগে, ভারত বলে যে একটা দেশ আছে তিনি জানতেন না। তিনি ভারতের ইতিহাস বা রাষ্ট্রবিজ্ঞানের একটি পাতাও পড়েন নি। ভারতবর্ষে কয়টি প্রদেশ বা কেন্দ্রশাসিত অঞ্চল আছে তাও জানেন কি না সন্দেহ। অর্থনীতির অ, বিদেশ নীতির ব এবং রাজনীতির র বোঝেন না। ভারতের ধর্ম, দর্শন, কৃষ্টি সংস্কৃতি কিছুই বোঝেন না। যে জাতির বয়স পাঁচ হাজার বছরের বেশী সেই জাতির প্রাচীন আর্যঋষি থেকে বর্তমানের গান্ধী তিলক বিবেকানন্দ সুভাষ রবীন্দ্রনাথের চিন্তা, শিক্ষা সাধনা ও সংস্কৃতি সম্পর্কে একেবারে অজ্ঞ তিনি। বহু ভাষাভাষী দেশ ভারত, তার কোন একটি ভাষাও উনি ভাল জানেন না। কিছু বক্তব্য রাখতে হলে তাই তিনি অন্যের লিখে দেওয়া বক্তৃতা বিচিত্র হিন্দী উচ্চারণে বলেন মাত্র।

এই দুর্ভাগা দেশে শ্রীমতি সোনিয়া গান্ধী প্রধানমন্ত্রিত্বের দাবীদার। যে জ্যোতি বসু একদিন তাঁর সম্পর্কে নোংরা মন্তব্য করে বলেছিলেন, "উনি গৃহবধূ, রাজনীতির কি বোঝেন।" সেই জ্যোতি বসু, সুরজিত, বর্ধন সাহেবরা দল বেঁধে শ্রীমতি সোনিয়া গান্ধীর দ্বারস্থ হন, তাঁকে প্রধানমন্ত্রী হবার জন্য অনুরোধ করেন। এঁদের কি আখ্যায় ভূষিত করা হবে।

এ বিচিত্র দেশে সবই সম্ভব। না হলে স্বয়ং রাষ্ট্রপতি যিনি দেশের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত এবং সমালোচনার ঊর্দ্ধে তিনিও সমালোচনার ঊর্দ্ধে থাকতে পারলেন না। সংসদে বিরোধী নেত্রী না হওয়া সত্ত্বেও এবং গরিষ্ঠ সাংসদের সমর্থন না থাকলেও রাষ্ট্রপতি শ্রীমতী সোনিয়া গান্ধীকে ডাকলেন প্রধানমন্ত্রীত্ব গ্রহণে তিনি সমর্থ কি না জানবার জন্য। ঈশ্বর এদেশকে রক্ষা করুন।

বুদ্ধবাবুর মরুদ্যান সহ গোটা ভারতের কয়েকটি মাত্র সংবাদের শিরোনাম—

১। বনগাঁ সীমান্তে ধরা পড়া ১৬ জন মুসলমানকে নিছক অনুপ্রবেশকারী মনে করে না বি.এস.এফ।

২। উত্তর পূর্ব জেলাগুলিতে বাংলাদেশির সংখ্যা দ্রুত বাড়ছে।

৩। আই.এস.আই-য়ের মূল ঘাঁটি হতে চলেছে উত্তরবঙ্গ। ঢুকছে জঙ্গীরা।

৪। নদীয়ায় ফের পর পর ডাকাতি।

৫। বিমান ছিনতাইকারীরা কলকাতা হয়েই কাঠমাণ্ডু গিয়েছিল।

৬। মালদহে লরী বোঝাই বিস্ফোরক আটক।

৭। মালদহে রেলে নাশকতায় কাদের ষড়যন্ত্র?

৮। নিউজলপাইগুড়ি স্টেশনে ভয়াবহ বিস্ফোরণ, শিয়ালদহ স্টেশনে বিস্ফোরক উদ্ধার।
৯। গাইসালে ট্রেনে অন্তর্ঘাত, হাসনাবাদে প্রচুর আর.ডি.এক্স উদ্ধার।
১০। ৬ই ডিসেম্বর মালদহ শহরে জামাত-ই-ইসলামিয়া (হিন্দ)-এর ছাত্র সংগঠন স্টুডেন্টস ইসলামিক মুভমেন্ট অফ ইন্ডিয়ার (S.I.M.I.) জনসভায় ডাক দেওয়া হল মালদহ থেকে জেরুজালেম পর্যন্ত ইসলাম রাজত্ব কায়েম করো।
১১। রাষ্ট্রীয় উদ্যোগে এদেশে হজযাত্রা হয়, গঙ্গাসাগর যাত্রায় হিন্দুদের তীর্থকর লাগে।
১২। সি.পি.এমের বর্গী হানায় গ্রাম দখল আরামবাগে লুঠ, জখম ১৫।
১৩। মেদিনীপুর জেলা জুড়ে রাজনৈতিক অস্থিরতা —
১৪। পটাশপুরে তৃণমূল-সিপিএম সংঘর্ষ, জখম ১১, লুঠতরাজ, ভাঙচুর।
১৫। উস্তির পর ডায়মন্ডহারবারে একরাতে পর পর ডাকাতি, সর্বস্বান্ত ৪২টি পরিবার।
১৬। মন্দির বাজারে খুন তৃণমূল কংগ্রেস সমর্থক।
১৭। ফোর্ট উইলিয়মের সামনে পাকড়াও আফগান যুবক।
১৮। সন্দেহভাজন হিজবুল জঙ্গী গ্রেপ্তার বসিরহাটে।
১৯। জাতির ইতিহাসে বামপন্থী বিকৃতি।
২০। বাংলাদেশি অনুপ্রবেশকারী আছে প্রায় ১ কোটি : দীক্ষিত।
২১। ভোটার তালিকায় নাম তুলতে সংগঠন গড়েছে বাংলাদেশিরা।
২২। সীমান্তবর্তী ৮টি কেন্দ্রের ভোটার তালিকা নিয়ে তদন্ত।
২৩। মুসলিম লিগের সঙ্গে সি.পি.এমের আঁতাত।
২৪। মমতার রাজনীতির নতুন চমক, মুসলিমদের জন্য চাকরিতে সংরক্ষণ!
২৫। উত্তরবঙ্গে অনুপ্রবেশ ও আই. এস. আই।
২৬। বেসরকারী ত্রাণ বন্ধের নির্দেশ —
২৭। বন্যার জন্য কে দায়ী?
২৮। বন্যাত্রাণের দু'শ কোটি টাকা গেল কোথায়?
২৯। অবসরপ্রাপ্ত শিক্ষকদের প্রতি বঞ্চনা।
৩০। টাকা খরচের হিসাব দিতে রাজ্য সরকার অনিচ্ছুক।
৩১। পাকিস্তানী চরদের বেকসুর খালাস। চর ধরার অপরাধে এস. পি. বদলী ইন্সপেক্টর সাসপেন্ড।
৩২।'বন্দে মাতরম' প্রত্যাখ্যাত হলো।
৩৩। দিল্লিতে আর. ডি. এক্স উদ্ধার, গ্রেপ্তার তিন পাক জঙ্গী।
৩৪। নেপালে ধৃত পাক কর্মী আর ডি এক্স পাচার করতো।
৩৫। ২৪ ঘণ্টা গুলির লড়াই, হত ৭ জওয়ান ৩ জঙ্গী।
৩৬। পাক মদতে বহু অপরাধের নাটের গুরু আজহার।
৩৭। পাক মদত পুষ্ট জঙ্গীদের শ্রীনগর পুলিশ সদরে হানা।
৩৮। কাশ্মীরে সেনা পুলিশ ছাউনীতে জঙ্গী তাণ্ডব, ডেপুটি সুপার কুলদীপ সিং নিহত।

৩৯। রাজধানী শহর শ্রীনগরে ফের জঙ্গী হামলা।
৪০। লাল কেল্লায় তুলবো ইসলামি পতাকা, পাক জঙ্গীদের হুমকি।
৪১। ট্রেনে বিস্ফোরণের চক্রান্ত করছে পাক জঙ্গীরা।
৪২। বাবরি ইস্যুতে লোকসভা উত্তাল, সংসদে কাজ পণ্ড।
৪৩। কাশ্মীর ও উত্তর পূর্বাঞ্চলে বড় ধরনের সন্ত্রাসের আশঙ্কা করছে কেন্দ্র।
৪৪। ভারতীয় গোয়েন্দাদের রিপোর্ট, সারা বিশ্বের ইসলামি জঙ্গীরা প্রশিক্ষণ নিচ্ছে পাকিস্তানে।
৪৫। ৫ লক্ষ জঙ্গীকে কাশ্মীরে পাঠানোর শপথ মাসুদের।
৪৬। মাসুদের বক্তৃতার ক্যাসেট ছড়িয়ে দিচ্ছে আই এস আই।
৪৭। সীমান্তে আবার গোলা বর্ষণ, হত তিন সেনা।
৪৮। মাদ্রাসায় জঙ্গীদের তালিম দিচ্ছে পাকিস্থান। পার্থসারথি।
৪৯। বিমান ছিনতাই-এ পাক মদতের প্রমাণ পেয়েছে আমেরিকা।
৫০। দিল্লীতে রেল স্টেশনে বোমা ফেটে আহত মোট ২২।
৫১। কাশ্মীর সীমান্তে ফের পাক হামলা।
৫২। আই.এস.আই মদতপুষ্ট জঙ্গীরা বাড়ছে অসমে, মন্ত্রী।
৫৩। মুম্বাই-এর ব্যাঙ্ক ডাকাতরা যুক্ত বিমান দস্যুদের সঙ্গে।
৫৪। নেপাল দিয়ে জালনোট ঢুকিয়ে দিচ্ছে পাকিস্তান।
৫৫। আত্মঘাতী বাহিনী গড়ছে আই এস আই।
৫৬। রাশিয়ার ৩টি শহরে পরপর বোমা বিস্ফোরণের জন্য দায়ী চেচনিয়ার মুসলিম উগ্রপন্থীরা।
৫৭। জঙ্গী নিধন করতে উড়িয়ে দিতে হলো সেনা শিবির।
৫৮। জাল নোট চক্রে নেপালের পাক দূতাবাস যুক্ত।
৫৯। দিল্লীতে স্কুলে ছেলের ফি জমা দিতে এসে জাল ৫০০ টাকার নোট দিল পাক রাষ্ট্রদূত।
৬০।১০০,৫০০ টাকার নোট জালের ঘাঁটি বাংলাদেশে।
৬১। শতাব্দীর শেষ দিনে মুক্তি পেয়ে ভারতীয় বিমান যাত্রীরা দিল্লীতে।
৬২। লালকেল্লার ভিতর ঢুকে লস্কর-ই-তোইবার জঙ্গীরা তিনজন জওয়ানকে হত্যা করে পালিয়ে গেল।
৬৩। লালকেল্লা, ধরা পড়ল তিন লস্কর সমর্থক।
৬৪। রাজস্থানের ২৫০টি মাদ্রাসার অধিকাংশই বর্তমানে মুসলিম মৌলবাদীদের আখড়া।
৬৫। দিল্লীর কনটপ্লেসে গ্রীন্ডলেজ ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলেছে লস্কর-ই-তোইবা।
৬৬। শ্রীনগরে গাড়ি বোমা বিস্ফোরণ।
৬৭। একমাসের মধ্যে ঋত্তিককে হত্যা করার হুমকি দিল দাউদ।
৬৮। এবার টার্গেট অটলের অফিস, হুমকি লস্করের।
৬৯। বাজপেয়ীর বিরুদ্ধে বদলার হুমকি দিল লস্কর জঙ্গীরা।

৭০। কাল ইফতার দিচ্ছেন অটল, যেতে নিষেধ করলেন ইমাম।
৭১। বাবরির জমি হিন্দুদের দিক মুসলিমরা : ঐতিহাসিক।
৭২। 'সরস্বতী' নদীর দেশেই সরস্বতী বন্দনায় আপত্তি।
৭৩। দাঙ্গার জন্য খ্রীষ্টানরাই দায়ী : গান্ধীবাদী নেতা।
৭৪। সুন্দরবনের জম্বুদ্বীপ বাংলাদেশিদের কব্জায়।

সন্ত্রাস ধর্ষণ আর তোষণ

১.১.১৯৯৩ কলকাতার বৌবাজারে বিস্ফোরণ
মুম্বাই ও আমেদাবাদে সাম্প্রদায়িক দাঙ্গা —

২১.১.২০০২ কলকাতার মার্কিন তথ্যকেন্দ্রে জঙ্গী হানা ৬ পুলিশ কর্মীর মৃত্যু আহত ২১

৫.২.২০০৩ ধানতলার আইশমালিতে সিপিএমের প্রধান সহ ১২ জন, সবাই মুসলমান, হিন্দু বরযাত্রীর বাসে ডাকাতি ও হিন্দু মা বোনেদের গণধর্ষণ করে।

১৪.২.১৯৯৮ কোয়েম্বাটুর বিস্ফোরণে হত ৫৮, আহত ২৫০।

২২.২.২০০৩ কোচবিহারে মাথাভাঙ্গা ২নং ব্লকের ছেড়ামারিতে রুনু রায় নামে এক হিন্দু নারীকে সিপিএম আশ্রিত ছমিরুদ্দিন সহ কয়েকজন মুসলমান গণধর্ষণ করেছে। সিপিএম বলছে ছমিরুদ্দিনকে আইনি সাহায্য দেবে। সিপিএম আর মুসলমান সমার্থক। হিন্দুরা এদুটোকে পরিত্যাগ করুন।

২৭.২.২০০২ নৃশংস গোধরা হত্যাকাণ্ড। গুজরাটের গোধরায় সবরমতী এক্সপ্রেসের একটি কামরা মুসলমানেরা পেট্রোল দিয়ে পুড়িয়ে দেয়। সেই কামরার ৫৯ জন হিন্দু অগ্নিদগ্ধ হয় মারা যায়।

২৮.২.২০০২ গতকালের নৃশংস হত্যাকাণ্ডের প্রতিবাদ করায় গুজরাটে হিন্দু মুসলমান দাঙ্গা শুরু।

৯.৩.২০০৩ সংবাদ—খড়দহ, পাতুলিয়া, নতুন পল্লীতে এক হিন্দু নারীকে ধর্ষণ করেছে সিপিএমের সমর্থক দুই মুসলমান মানোয়ার ও রাজ্জাক।

১২.৩.১৯৯৩ দাউদ ইব্রাহিম মুম্বাইয়ে ভয়াবহ বিস্ফোরণ ঘটায়। পর পর বিস্ফোরণে মৃত ২৫৭, আহত ১৪০০।

১৩.৩.২০০৩ মুলুন্দ স্টেশনে কারজাট গামী লোকাল ট্রেনের মহিলা কামরায় পাকিস্তানী জঙ্গীরা বিস্ফোরণ ঘটায়। মৃত ১২, আহত অনেক।

১৩.৩.২০০৩ দঃ ২৪ পরগণায় তিতকুমার গ্রামে সি.পি.এম ক্যাডার আর এস পি সমর্থক এক মহিলাকে ধর্ষণ করেছে।

১৩.৩.২০০৩ জিয়াগঞ্জ থানার গয়েশপুর গ্রামে সিপিএম প্রধানের ভাই এক কংগ্রেস সমর্থক মহিলাকে ধর্ষণ করেছে।

১৪.৩.২০০৩ বরাহনগর, ডানলপ ব্রিজের নীচে ঝুপড়িতে বালিকা ধর্ষণ।

১৪.৩.২০০৩ দঃ দিনাজপুর কুশমণ্ডি থানার মনিপুকুর গ্রামে আদিবাসী মহিলা বাহমনি

মারড়িকে ধর্ষণ ও খুন করেছে এক রাজনৈতিক দলের নেতা।

১৪.৩.২০০৩ সালার তালিবপুরে হিন্দুনারী বিউটি চৌধুরীকে ধর্ষণ করেছে সামসুল আলম হক মুসলমান কো-অর্ডিনেশন কমিটির সদস্য।

১৫.৩.২০০২ গুজরাটে পুনরায় সাম্প্রদায়িক দাঙ্গা শুরু।

২৪.৩.২০০৩ কাশ্মীরে জঙ্গিরা ২৪ জন কাশ্মীরী পণ্ডিতকে ঘর থেকে বের করে নির্বিচারে গুলি করে হত্যা করেছে।

৯.৫.২০০১ সেনাভবনে জঙ্গীহানা।

২১.৫.১৯৯৬ দিল্লীর লাজপত নগরে জঙ্গী-বিস্ফোরণ।

২২.৫.২০০২ গুজরাতে দাঙ্গার তদন্তে নরেন্দ্র মোদি নিযুক্ত নানাবতী কমিশনের কাজ শুরু।

২৮.১০.১৯৯৭ দিল্লীতে বড় বিস্ফোরণের চক্রান্ত ফাঁস। ধৃত ৩ কাশ্মীরী জঙ্গি ইউসুফ খান, আবদুল আমেদ ভাট, আবদুল রশিদ, সবাই ISI মদত পুষ্ট।

বিরামহীন, সন্ত্রাস, নির্লজ্জ মুসলিম তোষণ

২২.১২.২০০০ দিল্লীর লালকেল্লায় জঙ্গি-হানা।

৯.৯.২০০১ আমেরিকার ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে মুসলিম সন্ত্রাসবাদিদের হানা।

১১.৯.২০০১ মুসলিম জঙ্গি-হামলায় আমেরিকার বিশ্ববাণিজ্য কেন্দ্র ধ্বংস।

১৩.১২.২০০১ ভারতের সংসদ ভবনে পাকিস্তানী জঙ্গি হানা, মৃত্যু ১২।

২৫.১২.১৯৯৯ পাকিস্তানী জঙ্গিদের ভারতীয় বিমান ছিনতাই।

১৪.৯.২০০২ গান্ধীনগর, অক্ষরধাম-মন্দিরে পাক জঙ্গিদের বিস্ফোরণ। হত-৩৪, আহত-৮১।

৯.৮.২০০৩ গুজরাট থেকে কুতবউদ্দিনের কলকাতা আগমন, হাওড়া স্টেশনে সি.পি.এম সহ বিভিন্ন মৌলবাদী মুসলিম সংগঠনের বিপুল সম্বর্ধনা। আনন্দবাজারের শিরোনাম সংবাদ কুতবউদ্দিন। কে কুতব? সে নাকি নরেন্দ্র মোদীর বি.জে.পি শাসিত সরকারের গুজরাটে থাকতে নিরাপদবোধ করছে না। সেজন্য আগমার্কা মুসলিম তোষণকারী বুদ্ধ ভট্টাচার্যের সরকার কলকাতায় তাকে নিরাপত্তা দিয়ে রাখতে চায়। কেন সে গুজরাটে নিরাপত্তার অভাব বোধ করছে? সে ২৭.২.০২ তারিখে গোধরায় সবরমতী এক্সপ্রেসে জঙ্গিদের সঙ্গে সহযোগিতা করে বিস্ফোরণ ঘটিয়েছিল। ২৮.২.০২ তাং নানাবতী কমিশন গঠনের পর থেকেই সে পালিয়ে বেড়াচ্ছিল এবং একটা নিরাপদ আশ্রয় খুঁজছিল। অবশেষে বুদ্ধং শরণং গচ্ছামি।

১০.৮.২০০৩ সংবাদ : কলকাতার মুসলিম এলাকায় কুতবকে একটি বাড়ি কিনে দেওয়া হয়েছে। আনন্দবাজার দুঃখ করে লিখেছে বাড়ি তো হল, সংসার চলবে কি করে? বুদ্ধ বলছে, আইন বাঁচিয়ে যেমন করে হোক কুতবকে একটি

চাকরি দেওয়া হবে।
(ব্যাস! বি.জে.পি-র ভোটের বাজারে ধস। সি পি এম-এর সেনসেক্স একদিনে ৯০০ পয়েন্টে উঠলো।)

২৪.৮.২০০৩ সংবাদ : অযোধ্যার বিতর্কিত স্থানে খনন কার্য চালিয়ে ১০ম শতাব্দীর হিন্দু মন্দিরের নিদর্শন পেয়েছে ভারতীয় পুরাতত্ত্ব বিভাগ, এবং এই রিপোর্ট হাইকোর্টকে জানিয়েছে (জানালে কি হবে, আবার চাপা পড়বে)।

২৫.৮.২০০৩ লস্কর-ই-তোইবা ও সিমি মুম্বাইয়ে গেটওয়ে ও জাভেরী বাজার ২ জায়গায় বিস্ফোরণ ঘটায়। হত-৬০, আহত-১৬১।

১৬.৯.২০০৩ জয়েশ-ই-মহম্মদ নেতা—ওয়ালি হাসান ভারতের শীর্ষ নেতাদের খুনের হুমকি দিয়েছে। ভারত সরকার নেতাদের নিরাপত্তা বাড়াচ্ছে।

১৯.৯.২০০৩ সংবাদ : ডায়মন্ডহারবার থানার নেতরা গ্রামে প্রখ্যাত চিকিৎসক নীলরতন সরকারের বাড়ির ঐতিহ্যশালী দুর্গাপূজার দুর্গা প্রতিমার গণেশ লক্ষ্মী ও সরস্বতী মূর্তি তিনটির মাথা মুসলমানেরা কেটে নিয়ে যায়।

৭.৭.২০০৪ আনন্দবাজার (৫ পাতা) : লোকসভায় ইরাক নিয়ে বিশেষ বিতর্ক, আবু ঘ্রাইব কাণ্ডের নিন্দা। নটবর সিং বলেন—আমরা ইসলামি বিশ্বের ভাবাবেগকে অবহেলা করতে পারি না। (সেইজন্য ২৫০০ বছরের প্রাচীন ঐতিহ্যশালী বামিয়ানের বুদ্ধ মূর্তি তালিবানরা ধ্বংস করলে, বিশ্ববিবেক ধিক্কার জানালেও আমরা কোন কথা বলি নাই)।

১৫.৭.২০০৪ লালু প্রসাদ যাদব "গোধরা কাণ্ডের" পুনরায় তদন্তের নির্দেশ দিল। (সবরমতী এক্সপ্রেসে অগ্নিকাণ্ডে মুসলমানরা দায়ী নয় এটা প্রমাণ করার জন্য। ইতিমধ্যে অগ্নিদগ্ধ কামরা স্ক্রাপ হিসাবে তড়িঘড়ি বিক্রি করে দেওয়া হয়েছে) প্রসঙ্গতঃ ২২.৫.০২ তারিখে নানাবতী কমিশন এব্যাপারে কাজ শুরু করে দিয়েছে।

রাজনৈতিক দলগুলির সীমহীন মুসলিম তোষণ আর ধারাবাহিক সংখ্যালঘু সন্ত্রাস

১০.১০.১৯৪৬ একটি মর্মান্তিক হিন্দু নিধনের ঘটনা। পূর্ববঙ্গে নোয়াখালির করপাড়ায় ঐতিহাসিক মাখন লাল রায়চৌধুরীর বাড়ি। মুসলমানেরা পৈশাচিক উল্লাসে অবরোধ করে বাড়িটি সম্পূর্ণ পুড়িয়ে দেয়। বাড়ির সমস্ত সদস্য ২৫ জনকে নৃশংসভাবে হত্যা করে। পরিবারের একমাত্র সদস্য মাখনলালবাবু তখন ভাগলপুরে থাকায় প্রাণে বেঁচে যান। প্রসঙ্গতঃ মাখনলালবাবু কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইসলামিক ইতিহাসের অধ্যাপক এবং কলকাতায় দাঙ্গার সময় নিজের জীবনের ঝুঁকি নিয়ে কয়েকটি মুসলিম ছাত্রের প্রাণ রক্ষা করেন। পঃ বঙ্গের মুসলমানরা কি এজন্য লজ্জিত? হিন্দুরা ১০ই অক্টোবরকে "মুসলিম নৃশংসতা দিবস" হিসাবে পালন করুন।

২৪.১০.১৯৪৭ পাক বাহিনী কাশ্মীর দখল করার জন্য অভিযান চালায়।

২৭.১০.১৯৪৭ ইনস্ট্রুমেন্ট অফ অ্যাকসেশনে মহারাজ হরি সিং স্বাক্ষর করেন এবং ভারতীয় বাহিনী কাশ্মীর রক্ষার অভিযানে নামে।

২৩.৬.১৯৫৩ ভারত কেশরী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আত্মবলিদান। মৌলবাদী মুসলিম তোষণের প্রতিবাদ করায় রহস্যজনক মৃত্যু।

১৬.৭.২০০৪ গুজরাতে পুলিশের গুলিতে নিহত ছাত্রী ইশরাত, তাদেরই সদস্যা বলে স্বীকার করেছে—লস্কর-ই-তৈবা।

১৬.৭.২০০৪ আদিকান্ত দলুইকে পুড়িয়ে মারার ঘটনায় জড়িতরা সবাই সি পি এমের, স্বীকার বুদ্ধের।

২২.৭.২০০৪ কয়লা মন্ত্রী শিবু সোরেন ফেরার। মন্ত্রীর বাসভবনে পুলিশ গ্রেপ্তারী পরোয়ানা লটকে দেয়।

30.7.2004 News : I haven't proposed to my girl friend yet. RAHUL. Veronica, her parents were Spanish. She has been brought up and lives in Venezuela.
(এমন মেয়ের সঙ্গে যে প্রেম করে সে প্রধানমন্ত্রী হবারই যোগ্য)।

৮.৮.২০০৪ আঃ বাঃ ১ম পাঃ অর্জুন সিং মন্ত্রী হবার পর থেকে শিক্ষায়—জাতীয় সংখ্যালঘু কমিটি, উর্দু মাধ্যম স্কুল, মাদ্রাসার প্রসার ইত্যাদির ব্যাপারে উঠে পড়ে লেগেছে। (এরা মৌলবাদী মুসলিম অপেক্ষা ভয়ঙ্কর।)

১৫.৮.২০০৪ অসমে বিস্ফোরণ, ১৬ জনের মৃত্যু। অধিকাংশ স্কুল পড়ুয়া।

৪.৯.২০০৪ বিদেশের খবর—লস্কর-ই-তৈবার সহযোগিতায় চেচেন জঙ্গিরা ১৫০ জন রুশ পণবন্দীকে হত্যা করে। পরে মৃত্যু বেড়ে হয় ৩৩১, নিখোঁজ ২৬০।

১৩.৯.২০০৪ Destroy Soudi Arabia & Iran. V.S.Naipaul.
নোবেলজয়ী সাহিত্যিক নইপল, প্রতিনিয়ত বিশ্বজুড়ে ইসলামিক সন্ত্রাস প্রত্যক্ষ করে ক্ষোভে ঘৃণায় বলেছেন, এই সন্ত্রাসবাদের আঁতুড়ঘর সৌদি আরব ও ইরানকে ধ্বংস করে দাও। তাহলে বিশ্বে শান্তি আসবে।
(ভারতে মুসলিম সন্ত্রাস নিয়ে, এদেশের সাহিত্যিকদের কোন ক্ষোভ বা দুঃখ নাই।)

২৭.৯.২০০৪ সংবাদ : তাজমহলের ৩৫০ বছর পূর্তি উৎসব উপলক্ষে তাজমহলের সংস্কার চলছিল। পিছনের দিকের মূল দেওয়ালের পলেস্তারা খসে গিয়েছিল। সেখানে স্বস্তিক চিহ্ন, পদ্মফুল প্রভৃতি দেখা যায়। পুরাতত্ত্ব বিভাগ এর নমুনা পরীক্ষা করে বলেছে এগুলি ৮০০-৮৫০ বছরের প্রাচীন। ৩৫০ বছর আগে তৈরি সৌধের দেওয়ালে ৮০০ বছর আগেকার হিন্দু প্রতীকচিহ্ন কোথা থেকে এল? পি.এন.ওক তাঁর বই "তাজমহল হিন্দুমন্দির"-এ এসব

প্রশ্নের উত্তর দিয়েছেন এবং বিভিন্ন তথ্য দিয়ে প্রমাণ করেছেন একটি হিন্দুমন্দিরের উপর তাজমহল তৈরি হয়। তবে এসব কথা বললে হয়ে যাবো সাম্প্রদায়িক।

৭.১১.২০০৪ বর্তমানে প্রকাশিত সংবাদ—সেতুবন্ধ রামেশ্বর আর পৌরাণিক কাহিনী নয়। শ্রীরামচন্দ্র কর্তৃক নির্মিত সেতুর সন্ধান পাওয়া গিয়েছে।
মার্কিন উপগ্রহ থেকে ছবি তুলে সমুদ্রের নীচে একটি প্রাচীন সেতুর সন্ধান পাওয়া গিয়েছে। মার্কিন অভিমত এই প্রাচীন সেতুই রামায়নে বর্ণিত রামসেতু। মার্কিন অভিমত যাই হোক—ভারতের আপামর জনগণের হৃদয়ে ভগবান রূপে যতই তিনি পূজিত হন, সেতুবন্ধ রামেশ্বর—রামনবমী তিথি সব ভুল। ভারতের মুসলমানরা যতক্ষণ না এসবের স্বীকৃতি দেবে মনমোহন-সনিয়া প্রকাশ-সীতারামরা তা স্বীকার করতে পারে না।
আচ্ছা : সীতারাম ইয়েচুরির বাবা-মা এত নাম থাকতে ছেলের নাম সীতারাম রাখলো কেন? ইয়েচুরি মহাশয় ধর্ম নিরপেক্ষতার আদর্শ হিসাবে নামটা পালটে ফেলুন।

১৭.১.২০০৫ ১৩৪ দিনের মাথায় উমেশ ব্যানার্জী কমিশনের রিপোর্ট প্রকাশিত গোধরা অগ্নিকাণ্ড নিছক দুর্ঘটনা। (লালুর মুসলিম ভোট মজবুত)।

১৭.৩.২০০৫ দিল্লীর বাংলাদেশিদের (বেআইনী অনুপ্রবেশকারী) রেশন কার্ড বাতিলের নির্দেশ হাইকোর্টের।

২৫.৩.২০০৫ উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলছে তাই দোলযাত্রায় মাইক বাজানো নিষিদ্ধ ঘোষণা করলো বামফ্রন্ট সরকার। তবে জুম্মাবারের আজানের মাইকে বাধা নেই।

১.৪.২০০৫ বিচারপতি লালাকে অপমান করায় বিমান বসুর ৩ দিনের কারাদণ্ড, জরিমানা ১০ হাজার।

৭.৪.২০০৫ বর্তমান (১ম পাতা) : অনুপ্রবেশ রোখা না গেলে পরিস্থিতি দেশ ভাগের দিকে এগোবে, আদবানী।

৯.৪.২০০৫ মুসলিমদের বেশী করে সদস্য করতে হবে, সি পি এম পার্টি কংগ্রেসে ঘোষণা। (রাশিয়াকে ভেঙে ৪টি ইসলামিক রাষ্ট্র গড়েছে রাশিয়ার কমিউনিস্ট)

৩০.৬.২০০৫ দমদম বিমান বন্দরে রানওয়ে ঘুরিয়ে একটি পুরানো মসজিদ রক্ষা করা হলো।

৩০.৬.২০০৫ ২৮ বছরের ৫ সন্তানের জননী ইমরানাকে তার শ্বশুর ধর্ষণ করেছে। অতঃপর শরিয়তি বিধানে ইমরানাকে শ্বশুরের সঙ্গে ঘর করতে হবে।

৪.৭.২০০৫ হিন্দুস্তান টাইমস Imrana may not have been raped. A.I.M.P. Law Board.

৪.৭.২০০৫ আঃ বাঃ নিজস্ব প্রতিনিধি ঘুরে এসে লিখছে—সবার মুখে কুলুপ।

৪.৪.২০১০ সন্ধ্যা ৭টার টিভি সংবাদ : বুদ্ধদেব ভট্টাচার্য হাত নেড়ে মাথা ঝাঁকিয়ে বলছেন, পশ্চিমবঙ্গের ১২টি মুসলিম অধ্যুষিত জেলার জন্য ৫০০ কোটি টাকার বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে। (হিন্দুদের জন্য আমড়া আঁটির ব্যবস্থা হয়েছে।)

৫.৪.২০১০ আজ সন্ধ্যা ৬টা : কলকাতা টাউন হলে প্রধান অতিথি পবিত্র সরকার, পুরোহিত বিকাশ রঞ্জন ভট্চাজ মশায় নাগরিক সম্বর্ধনা দেবেন সাংবাদিক এ.এস. মালিহাবাদি ও ডাঃ কে. কে. হায়দার সিদ্দিকিকে।

(এর সঙ্গে ত্বহা-সিদ্দিকি বরকতি মাদানীর নাম থাকলে মুসলিম ভোট ব্যাংক বেশী পুষ্ট হতো।)

৬.৪.২০১০ নেতাজীর জন্মদিনকে "দেশপ্রেম দিবস" পালনের দাবি খারিজ। ফরওয়ার্ড ব্লক রাজ্যসভা সদস্য বরুণ মুখোপাধ্যায় গত ১৭.১২.২০০৮ তারিখে রাজ্যসভায় এই প্রস্তাব রেখেছিলেন। আজ প্রধানমন্ত্রী মনমোহন সিং নির্দ্বিধায় জানিয়ে দিলেন, এটা সম্ভব নয়। কারণ স্বাধীনতা আন্দোলনে অনেকের অবদান আছে। তার মধ্যে একজন ব্যক্তির নামে এটা করা যায় না।

(অর্থাৎ সুভাষচন্দ্র অনেকের মধ্যে একজন মাত্র। তাছাড়া এসব তো নেহেরু পরিবারের একচেটিয়া সম্পত্তি। রাহুলের জন্য এটা আগে থেকে বরাদ্দ করা আছে।)

৮.৪.২০১০ আনন্দবাজার (৮ম পাতা) : শিক্ষা আইন নিয়ে সংসদে ধর্নার ডাক সংখ্যালঘুদের। শিক্ষার অধিকার আইনে সংখ্যালঘুদের অধিকার খর্ব হওয়ার আশংকায় ওই আইনের কয়েকটি ধারার বিরোধিতায় নামছে ওয়েস্ট বেঙ্গল এসোসিয়েশন অফ মাইনরিটিজ এডুকেশনাল ইনস্টিটিউশনস।

৮.৪.২০১০ আনন্দবাজার (৬ষ্ঠ পাতা) : নাশকতার ছক কষছে ইণ্ডিয়ান মুজাহিদিন। কলকাতায় ব্যবসায়ীদের কাছে টাকা তুলছে। কলকাতার রিপোর্টে উদ্বিগ্ন দিল্লী।

৮.৪.২০১০ অশোক ভট্টাচার্য কে.এম.ডি.এ আবাসনের ২৪৮টি ফ্ল্যাটের ২৬% অর্থাৎ ৬৫টি ফ্ল্যাট মুসলমানদের জন্য সংরক্ষিত করলেন।

৮.৪.২০১০ 'জন গণনার কর্মী আজ আমার বাড়িতে এসে কিছু তথ্য লিখে নিয়ে গেল।' সংখ্যাগুলো লিখলো আরবি অক্ষরে। জিজ্ঞাসা করলাম আরবি কেন? আমাকে দেখাল, ফর্মের নীচে ডানদিকে (নমুনা দিয়ে লেখা, এখানে দেয় পদ্ধতি অনুসারে কেবলমাত্র আরবি সংখ্যায় লিখুন।) নির্দেশ দেওয়া আছে।

দেশটা তো ইসলামিক রাষ্ট্র হতে চলেছে। তার আগেই রাষ্ট্রভাষা আরবি হয়ে গেল? এরকম নির্দেশ কে দেয়, উদ্দেশ্যই বা কি? আমাদের জানার দরকারই বা কি?

আমরা শিক্ষিত সচেতন নাগরিক, যাকে বলে আঁতেল। আমরা সর্বব্যাপী অনাচার, অবিচার, ব্যভিচার, বিশৃঙ্খলা, স্বজন পোষণ, দুর্বৃত্তায়নের প্রতিবাদ করি না। প্রতিরোধ করার চিন্তা মাথায় আসে না। আমরা আঁতেল আপ্তবাক্য স্মরণ করি—'য পলায়তি স জীবতি।' কিন্তু আমরা পালাতেও কি সমর্থ? ছোট বেলার স্মৃতি, গ্রামের মাঠে ছাগল ভেড়া চরতো। মাঠে শিয়াল বেরুলে ছাগলগুলো ছুটে পালাবার চেষ্টা করত। ভেড়াগুলো চোখ বুজে চুপ করে দাঁড়িয়ে থাকতো। ও তো শিয়াল দেখতে পাচ্ছে না, অতএব ভয়ের কারণ নেই। শিয়াল এসে একটা ভেড়ার টুঁটি ছিঁড়ে রক্ত খেতো তারপর টানতে টানতে নদীর ধারে জঙ্গলের মধ্যে নিয়ে যেতো।

কবি বৃথাই বলেছেন, 'মানুষ আমরা, নহি তো মেষ।' সুপ্রাচীন সভ্যতা ও সংস্কৃতির ধারক হিন্দু জাতি মুসলমানদের বর্বর আক্রমণে ও নৃশংস অত্যাচারে তাদের অতীত ঐতিহ্য ভুলে গিয়েছিল। ইংরেজ শাসনে শোষিত হয়েও তারা তাদের প্রাচীন সংস্কৃতি ফিরে পেয়েছিল। দেশ ভাগ, খণ্ডিত স্বাধীনতা, কংগ্রেসী দুর্বৃত্তায়নের ফলে আবার সব বিস্মৃত। খণ্ডিত স্বাধীনতা লাভের ১ বছরের মাথায় ১৯৪৮ সালের ১৫ই আগস্ট ভারতের অন্যতম নির্ভীক সাংবাদিক ডি. এফ. কারাকা তাঁর বিখ্যাত "কারেন্ট" পত্রিকায় হেড লাইন করেছিলেন People say, Congress worst than Britishers.

৯.৪.২০১০ আজন্ম লালিত বিশ্বাস-সমস্ত ধর্মের প্রতি শ্রদ্ধা। এমন কি মুসলিম সন্ত্রাসবাদিদের প্রতিনিয়ত আক্রমণ সত্ত্বেও, ইষ্টমন্ত্র জপ করার পর যীশু, বুদ্ধ, মহাবীর, হজরত মহম্মদ, গুরু নানককে স্মরণ এবং প্রণাম করি। শেষ বয়সে সেই বিশ্বাসেই আঘাত লাগছে। রাত্রে ভাল ঘুম হয় না। ভোর থেকে জেগে থাকি। বিছানায় বসে ইষ্ট চিন্তা করতে গিয়ে প্রতিদিন মনঃসংযোগ নষ্ট হয়ে যায়। পশ্চিমদিকের আগরপাড়া-কামারহাটীর মসজিদগুলো থেকে শুরু হয় ভোরের আজান, মাইকে বিকট আওয়াজ। বন্ধ হতে না হতেই পূব-দক্ষিণে ফতোল্লাপুর, তারপরেই পূর্ব উত্তর দিক থেকে ঘোলা মুসলমান পাড়ার মসজিদ থেকে মাইকে বিকট শব্দে আজানের ধ্বনি, এক নাগাড়ে ১৫ মিনিট এবং দিনে ৫ বার।

মুসলমানরা হিন্দুদের সঙ্গে বাস করবে না। রক্তক্ষয়ী প্রত্যক্ষ সংগ্রামের মধ্য দিয়ে বাংলা মাকে দ্বিখণ্ডিত করে তার দুই তৃতীয়াংশ নিয়ে হলো পূর্ব

পাকিস্তান বা পূর্ব বাংলা, বর্তমানে বাংলাদেশ। সেখানে ইসলামী শাসন, ইসলাম রাষ্ট্রীয় ধর্ম। হিন্দুদের কোন অধিকার নাই। যেখানে মোল্লা-মৌলবাদীদের কথা "দুটো-চারটে হিঁদু ধরো এবেলা-ওবেলা নাস্তা করো।" আর পশ্চিমবঙ্গ নামধারী বাকী এক তৃতীয়াংশে আবার ইসলাম জাঁকিয়ে বসেছে। পশ্চিমবঙ্গের সর্বত্র, এমন কি প্রত্যন্ত গ্রামাঞ্চলেও প্রতিটি হিন্দুকে দিনে ৫ বার মাইকে আজান শুনতে হবে। কেন?

রাজ্যটা এখনো তো ইসলামিক হয় নাই। না কি, ভণ্ড ধর্মনিরপেক্ষতার মুখোশের তলে তলে ইসলামিক হয়েই গিয়েছে?

১১.৪.২০১০ আনন্দবাজার (৫ম পাতা) : মুসলিমদের চাকুরী সংরক্ষণে ঐক্যমতের আশায় বুদ্ধ।

১০% সংরক্ষণে নিশ্চয় সবাই খুশী হবে। মালদহে বুদ্ধ। এখানে মুসলিম ছাত্রদের বৃত্তির টাকা প্রদান করে মুখ্যমন্ত্রী বলেন, ইন্দিরা আবাসযোজনায় ৩৫ হাজার টাকায় ভাল বাড়ি হয় না। সেজন্য ১ লক্ষ ১৬ হাজার টাকা ব্যয়ে বাড়ি তৈরী করে, ৫০ হাজার মুসলিম পরিবারকে ভাল বাড়ি দেবো।

১২.৪.২০১০ বর্তমান (৫ম পাতা) : প্রকাশিত একটি বিজ্ঞাপন—আলিয়া বিশ্ববিদ্যালয়। সেন্টার ফর ভোকেশনাল স্টাডিজ (C.V.S.) পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দফতরের অধীন একটি স্বশাসিত বিশ্ববিদ্যালয়।

৪৩টি বিভিন্ন ট্রেডে বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য "শুধুমাত্র মুসলিম ছেলেমেয়েদের জন্যই এই প্রকল্প"। ফর্ম বিনামূল্যে।

কোর্স ফি'র ৯০% সরকার বহন করবে। ১০% প্রার্থীকে দিতে হবে। (আর ঘোমটার আড়ালে নয়—প্রকাশ্যে। ইসলামিক রাষ্ট্র শুধুমাত্র মুসলমানদের জন্য। অন্য ধর্মাবলম্বীরা সবাই ব্রাত্য।)

১৩.৪.২০১০ বর্তমান (১১ পাতা) : রাজ্যের প্রতিটি জেলায় ১টি করে সরকারী মাদ্রাসা হবে। গোরাচাঁদ রোডে ১৪৪ কাঠা জমিতে, আলিয়া বিশ্ববিদ্যালয়ের মহিলা ক্যাম্পাস হবে।

১৯.৪.২০১০ সন্ধ্যা ৭টার দূরদর্শন সংবাদ : কলকাতার প্রতিটি উর্দু মাধ্যম স্কুলে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খোলা হবে।

২৩.৪.২০১০ বর্তমান (৯ম পাতা) : রাজ্যের ওয়াকফ সম্পত্তি নিয়ে রিপোর্ট। সাচার কমিটির রিপোর্টে বলা হয়েছিল, রাজ্যে ওয়াকফ এস্টেটের সংখ্যা ১,৪৫, ০০০ কিন্তু রাজ্যের ভূমি ও ভূমি সংস্কার দপ্তর সমীক্ষা করে পেয়েছে মাত্র ২৫৬৭৫টি। এর মধ্যে ৮১১৪টি ওয়াকফ বোর্ড নথীভুক্ত সম্পত্তি।

গতকাল মহাকরণে রেজ্জাক মোল্লা, আবদুস সাত্তার এবং মহঃ মসীহ'র উপস্থিতিতে মহঃ নিজামের হাতে ২৫৬৭৫ ওয়াকফ এস্টেটের তালিকা তুলে দেন।

সাচার রিপোর্টের সঙ্গে প্রকৃত তালিকার এত ফারাক কেন? এর উত্তরে সাত্তার বলেন, সম্ভবতঃ সাচার অবিভক্ত বাংলার ওয়াকফ সম্পত্তির হিসাব দিয়েছেন। তো, সাচার যখন বলেছেন, এখন বাকী ১,১৯,৩২৫টি এস্টেট দেশপ্রেমিক মুসলিমদের দিতেই হবে। আর এজন্য একটা গোটা জেলা দরকার। তাই মুসলিম দরদী বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের যে কোন একটি জেলাকে ওয়াকফ বোর্ডের হাতে তুলে দিন, অথবা বলুন, সাচার রিপোর্ট সঠিক নয়।

২৩.৪.২০১০ আনন্দবাজার (৫ম পাতা) : ১৯৯৬ সালে দিল্লী বিস্ফোরণে ১৩ জনের মৃত্যু ও ৩৯ জন আহত হয়। অভিযুক্ত জম্মু কাশ্মীর ইসলামিক ফ্রন্টের সদস্য মহঃ নৌশাদ, মহঃ আলি ভট্ট, মির্জা-নিসার হুসেনের মৃত্যুদণ্ড এবং জাভেদ আহমেদ খানের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিল আদালত।

২৩.৪.২০১০ রাজ্য সরকার পি.এস.সি পরীক্ষার মাধ্যমে চতুর্থ শ্রেণীর কর্মী নিয়োগ করবে। ২৩.৪.১০, ২৪.৪.১০, ২৫.৪.১০ এই তিনদিনে কয়েক লক্ষ বেকার যুবক পরীক্ষা দেবে। পরীক্ষা নেওয়া হবে ইংরেজী, হিন্দী, উর্দু ও বাংলা ভাষায়। (এই খণ্ডিত বঙ্গে উর্দু অন্যতম সরকারী ভাষার স্বীকৃতি পেয়ে গেল।)

২৪.৪.২০১০ বর্ধমান জেলার মন্তেশ্বর ব্লকের কুসুমগ্রাম একটি মুসলিম প্রধান গ্রাম। এখানে ইংরেজ আমলের একটি ডাকবাংলো ঘর এখনো আছে। ডাকবাংলো পার্শ্ববর্তী এলাকায় কোন বসতি ছিল না। বিগত ৩-৪ বছরে ডাকবাংলোর উত্তর, দক্ষিণ এবং পশ্চিম দিকে শতাধিক বসতি বাড়ি গড়ে উঠেছে। এরা সবাই মুসলিম এবং কুসুমগ্রামের জামাই বলে পরিচিত। তাই নতুন বসতির নাম হয়েছে "জামাই পাড়া"।

প্রসঙ্গতঃ মন্তেশ্বর বি.ডি.ও অফিস পূর্বে কুসুমগ্রামে ছিল। তখন মাঝে মাঝে রাতের অন্ধকারে অফিসের মাথায় পাকিস্তানী পতাকা উড়িয়ে দেওয়া হতো। সেজন্য সরকারী নির্দেশে বি.ডি.ও অফিসটাই মন্তেশ্বরে স্থানান্তরিত করা হয়। যঃ পলায়তি স জীবতি।

২৬.৪.২০১০ বর্তমান (৩য় পাতা) : সাচার রিপোর্ট—রাজ্যের অনীহায় ক্ষোভ। গতকাল ডায়মণ্ডহারবার রবীন্দ্র ভবনে তৃণমূল সংখ্যালঘু সেলের সম্মেলনে সোমেন মিত্র, সি.এম. জাটুয়া, দঃ ২৪ পরগনার সভাধিপতি সামিমা শেখ প্রভৃতি সাচার রিপোর্ট কার্যকর করার ব্যাপারে সরব হন।

২৬.৪.২০১০ বর্তমান (৫ম পাতা) : মুসলিমদের মন জয়ের চেষ্টা গাদকারির। পি.টি.আইকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, আমরা মুসলিমদের বিরুদ্ধে নই। দুর্ভাগ্যজনকভাবে একক দেওয়ানী বিধি, অযোধ্যার রাম মন্দির নির্মাণের মতো ব্যাপারে মুসলিম বিরোধী একটা ইমেজ তৈরী হয়েছে বি.জে.পি'র।

তো, অযোধ্যার বাবরি মসজিদ তৈরি আর ভারতে শরিয়তি আইন চালু করলেই সব হারানো মর্যাদা—ফিরে পাওয়া যাবে। মুসলমানদের ইসলামিক ভারতের স্বপ্নও পূরণ হবে।

২৮.৪.২০১০ পাকিস্তানে ভারতীয় হাইকমিশনের পদস্থকর্মী মাধুরী গুপ্তা—পাকিস্তানের চর হিসাবে কাজ করার দায়ে গ্রেপ্তার। সে ইসলাম ধর্ম গ্রহণ করেছে।

ঠিক এক বছর আগে গত ২৮.৪.২০০৯ টাইমস অফ ইণ্ডিয়া প্রথম পাতার খবর : Deoband Fatwa for Muslims to cast vote.

A Fatwa from Darul Uloom Deoband Says, "Muslims must come out and vote irrespective of their political learnings. A vote is as important as a testimony or witness in Islam, hence it must be utilized correctly. Says the Fatwa which came on a query seeking guidence for Muslims on voting in a country that is not governed by Sharia.

ভারতের মুসলিমরা শরিয়তি আইন মেনে ভোট দেবে। ভারতের সংবিধান তাদের যে অধিকার দিয়েছে সেটা পুরোপুরি ভোগ করবে। রাজনৈতিক দুর্বৃত্তরা ক্ষমতায় টিকে থাকতে সাম্প্রদায়িকতাকে মদত দিচ্ছে। জন্ম নিচ্ছে সন্ত্রাসবাদ, বিপন্ন হচ্ছে দেশের অখণ্ডতা। হিন্দুরা একটু ভাবুন।

২৯.৪.২০১০ সন্ধ্যা ৭টা ডি.ডি বাংলা সংবাদ : সংখ্যালঘু উন্নয়নের প্রশ্নে আর.জে.ডি. ও সমাজবাদীর লোকসভা কক্ষ ত্যাগ। ধর্মের ভিত্তিতে সংরক্ষণ এক অশনি সংকেত। কোন রাজ্যে কোন জাতি বা ধর্মের মানুষ কত শতাংশ হলে তারা সংখ্যালঘু হবে? সেই মাপকাঠি ঠিক করা দরকার। সংখ্যালঘু অধ্যুষিত রাজ্য কাশ্মীর—জেলা মুর্শিদাবাদ সংখ্যালঘু অধ্যুষিত জেলা, এটা কেমন কথা।

ধর্মের ভিত্তিতে মেরুকরণ করে সাম্প্রদায়িক দলগুলির রাজনৈতিক ক্ষমতা দখল, দেশের সর্বনাশ ডেকে আনবে। সংরক্ষণের আগে—মুসলিমদের অনর্গল জন্মদান আইন করে বন্ধ করা হোক্।

৩০.৪.৩০১০ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের "যুগান্তকারী চিন্তাবিদ"দের তালিকায় গৌতম বুদ্ধ, মহাত্মা গান্ধী এবং জহরলালের নাম আছে। রাজ্য সরকার সেখানে রবীন্দ্রনাথের নাম রাখার আবেদন জানিয়েছে।

জহরলালের পাশে রবীন্দ্রনাথকে রেখে আবার রবীন্দ্রনাথকে অসম্মান করা কেন? বরং সোনিয়া রাহুলকে রেখে তাদের সম্মান জানানো হোক্।

১.৫.২০১০ মুসলিম উন্নয়নে পৃথক দপ্তর, তবু ব্যর্থতায় পশ্চিমবঙ্গ শীর্ষে। গত আর্থিক বছরে কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রক রাজ্যকে ৫৫২ কোটি টাকা দিয়েছিল। এবছরে আর ৪৩৭ কোটি টাকা বরাদ্দ করে ২৭৮.৬৬ কোটি টাকা পাঠিয়ে দিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এখন পর্যন্ত বরাদ্দের ১২.৬% টাকা খরচ করেছে। সেখানে গুজরাত ১০০% মণিপুর ৪২% হরিয়ানা ৩২% উত্তরপ্রদেশ ৩১% উত্তরাখণ্ড ২২% অসম ১৫% বরাদ্দের টাকা খরচ করেছে।

যেমন কানু ছাড়া গীত নাই—সরকারের মুসলিম উন্নয়ন ছাড়া কোন কাজ নাই। অমুসলিমরা এই সরকারকে বর্জন করুক।

৩.৫.২০১০ বর্তমান (৯ম পাতা) : নেতাজীকে সামনে রেখে অন্যদলগুলিকে এক জোট করতে বামেদের উদ্যোগ। বি.জে.পিকে ডাকলে মুসলিমরা অসন্তুষ্ট হবে, তাই তাদের ডাকা হয় নাই। এতে বোঝা গেল বি.জে.পি. বাদে সব দলই মুসলিম তোষণকারী।

৬.৫.২০১০ আজমল আমির কাসব কথা অমৃত সমান, ধর্মনিরপেক্ষ ভারতবাসী শুনে পুণ্যবান।

২৬.১১.২০০৮ কাসব সহ ১০ জঙ্গীর মুম্বাইয়ে হামলা, ১৮৩ জন হত, ৩৫০ জন আহত।

২৭.১১.২০০৮ রাত দেড়টায় কাসব ধরা পড়ে।

২৯.১১.২০০৮ কাসব দোষ কবুল করে।

১৩.১.২০০৯ বিচারপতি এম.এল. তাহিলিয়ানি বিচার প্রক্রিয়া শুরু করেন।

১১.২.২০১০ আইনজীবি শাহিদ আজমি দুষ্কৃতির গুলিতে নিহত।

২৬.১১.২০০৯ Times of India (1st Page) : It costs Rs. 31 crores to keep Kasab alive.

কাসবকে জামাই আদরে রাখতে সরকারের প্রতিদিন খরচ ৮.৫ লাখ টাকা।

৯.৩.২০১০ চূড়ান্ত সওয়াল জবাব শুরু।

৩১.৩.২০১০ চূড়ান্ত সওয়াল জবাব শেষ।

৩.৫.২০১০ ৮৬টি অভিযোগে কাসব দোষী সাব্যস্ত। অপর দুই ভারতীয় সহযোগী সাবাউদ্দিন আহমেদ ও ফাহিম আনসারী বেকসুর খালাস। একসঙ্গে ৩ জন মুসলিমের শাস্তি দিলে ভারত রাষ্ট্রের অস্তিত্ব বিপন্ন হবে। তাছাড়া—Indian Muslims do not do wrong.

কাসবের শাস্তি ঘোষণা আগামীকাল।

৪.৫.২০১০ কাসবের সাজা ঘোষণা স্থগিত। তিনি ভারতের জামাই। তার সাজা ঘোষণার আগে সাত পাঁচ অনেক ভাবতে হবে। তাই বিচারপতি দুদিন সময় নিলেন। এদিকে সন্ত্রাসে সর্বস্ব হারানো মানুষজন বলতে শুরু করেছে—এত বিচার-টিচার কি, শুনানী-ই বা কিসের? নৃশংস হত্যাকারী, জঘন্য খুনী। দেশের শত্রু ধরা পড়েছে—ওর মুণ্ডু চাই—ওকে ফাঁসীতে ঝোলাও। সরকার বলছে আহা! ও মুসলমান—ভারতের জামাই, এমন কথা বলতে নাই।

৬.৫.২০১০ সভ্যতার শত্রু, কাসবের বেঁচে থাকার অধিকার নাই। তাই মৃত্যুদণ্ড দেওয়া হল কাসবকে। বিচারপতি।

সন্ধ্যা ৭টায় ডি.ডি. বাংলায় সংবাদ : কাসবের মৃত্যুদণ্ডের পরিপ্রেক্ষিতে পশ্চিম বাংলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে—জানালেন মুখ্যসচিব অর্দ্ধেন্দু সেন। অর্থাৎ সরকার জানে মুসলমানরা তাণ্ডব চালাতে পারে।

৭.৫.২০১০ কাসবের প্রাণদণ্ড সহজে হবে না। এখনও হাইকোর্ট, সুপ্রীমকোর্ট এবং সবশেষে রাষ্ট্রপতির ক্ষমা। কোন সুদূর অতীতে আফজল গুরুর ফাঁসীর আদেশ হয়েছে। ধর্মনিরপেক্ষ ভারত সে আদেশ পালন করে নাই।

৯.৫.২০১০ কাসবের প্রাণদণ্ডের আদেশে মুহ্যমান বাঙালী ইনটেলেকচুয়াল সুনীল গঙ্গোপাধ্যায়, আজকের রবিবাসরীয় আনন্দবাজারে—বিশেষ নিবন্ধ লিখলেন। লিখলেন “আরও একটা খুন” যেকোনও মানুষের মৃত্যুকে সমর্থন করলে আমরাও কি একটু একটু খুনী হয়ে যাই না? না, আমরা খুনী হতে চাই না।

ধর্ম নিরপেক্ষ ভারতের ঐতিহ্য মেনে লক্ষ লক্ষ অনুপ্রবেশকারী মুসলমানকে আমরা যেমন জামাই আদরে রেখেছি কাসবকেও আমরা সেই আদরেই রাখবো। আজমল কাসব জিন্দাবাদ।

১০.৫.২০১০ বর্তমান (৯ম পাতা) : ভোটের লক্ষ্যে মুসলিমদের ও.বি.সি. সার্টিফিকেট দিতে তৎপরতা শুরু। রাজ্য সরকার আবেদনপত্র চাইছে এবং বলছে, তোমরা আবেদন করো, আমরা ৮ সপ্তাহের মধ্যে তোমাদের ও.বি.সি. সার্টিফিকেট দেবো। ১২টি মুসলিম সম্প্রদায়ভুক্ত জাতি ও.বি.সি. তালিকায় ছিল। গত ৩ মাসে সেই সংখ্যা বেড়ে ২১টি হয়েছে। আরও ৫টি জাতির জন্য সুপারিশ হয়ে শুনানী চলছে। অনগ্রসর কল্যাণ দপ্তর বলেছে, মুসলিমদের মধ্যে ৪৫টি জাতিকে ও.বি.সি. তালিকায় আনা হবে। তাহলে ১.৫ কোটি মুসলমান ও.বি.সি. তালিকায় চলে যাবে। তখন ও.বি.সি. কোটায় চাকরীতে মুসলমানদের একচেটিয়া নিয়োগে কোন বাধা থাকবে না।

ধর্মনিরপেক্ষ হিন্দুদের কি আনন্দ। দেশ ভাগের পর খণ্ডিত পশ্চিমবঙ্গে মুসলিম জনসংখ্যা ছিল ৩৮ লক্ষ। বর্তমানে হয়েছে ২ কোটি ৬৮ লক্ষ। তার মধ্যে ১.৫ কোটি ও.বি.সি। কি আনন্দ।

১০.৫.২০১০ দুপুরে ঘরে বসে আছি। দুজন মহিলা এসে বলল, এই এলাকায় একটি সুসংহত শিশু বিকাশ প্রকল্প হবে, সেখানে ৬ বছর পর্যন্ত শিশুদের ও মায়েদের বিনা পয়সায় খাবার দেওয়া হবে। সেজন্য এলাকার প্রতিটি পরিবার সম্পর্কে কিছু তথ্য জানতে চাই। তাদের চাহিদা মত তথ্য জানিয়ে বললাম, আপনাদের প্রতি আমার কোন অভিযোগ নেই। যারা এই প্রকল্প গড়ছে তাদের বিরুদ্ধে আমার অভিযোগটা আপনাদের শুনতে হবে। তারা বললো, বেশ তো বলুন না। বললাম—আমি ৭৩ বছরের বৃদ্ধ। অল্প-বয়সে পিতৃহীন, গ্রামাঞ্চলে থাকতাম, অভাবের সংসার। পরাধীন দেশ। দুর্ভিক্ষের পরিস্থিতি হলে স্থানীয় জমিদাররা লঙ্গরখানা খুলতো। দুপুরে একথালা করে খিচুড়ি বিলি করতো। পাড়ায় এক বন্ধুর সঙ্গে খিচুড়ি আনতে যাবো কি না মাকে জিজ্ঞাসা করায় মা বলেছিলেন, 'না বাবা ওখানে কোনদিন যেয়ো না। ওতে অসম্মান হয়। আমাদের ঘরে যা আছে তাই দিয়ে কোন রকমে চলে যাবে। যাদের কোন উপায় নেই, তারাই যায়। এজন্য ওদের কাঙালী বলে, পরাধীন দেশে আমার মায়ের আত্মসম্মান এত প্রবল ছিল। পরাধীন দেশে ইংরেজ শাসন-শোষণ করেছে। তার সঙ্গে হাওড়াব্রীজ, বালি ব্রীজ, জুবিলী ব্রীজের মতো অসংখ্য ব্রীজ তৈরি করেছে। এই যে আগরপাড়া রেল স্টেশন এসব তারা তৈরী করেছে। হাসপাতাল তৈরী করেছে। স্কুল, কলেজ বিশ্ব-বিদ্যালয়, সংস্কৃত কলেজ, এশিয়াটিক সোসাইটি গড়ে প্রকৃত শিক্ষা দিয়েছে। মানুষের চেতনা-আত্মসম্মান বোধ জাগ্রত হয়েছে। ৬৩ বছর দেশ স্বাধীন হয়েছে। দু-দুটো প্রজন্ম পার করে তৃতীয় প্রজন্মকে আপনারা লঙ্গরখানায় খিচুড়ি খেতে যাবার ডাক দিতে এসেছেন। আত্ম মর্যাদা হারিয়ে আমরা কাঙালীতে পরিণত হয়েছি। ৬৩ বছরে দেশের সম্পদ কোন দুর্বৃত্তরা লুঠ করলো, একটু চিন্তা করবেন না।

১১০ কোটি জনগণের মধ্যে দেশকে নেতৃত্ব দেওয়ার যোগ্যতা একজনেরও নাই। তাই এক অর্ধশিক্ষিতা, অজ্ঞ, বিদেশিনীকে নেত্রী বানাবার জন্য কতজন লোক নিয়োজিত? সম্প্রতি দুদিন আগে তাঁকে রাজনৈতিক প্রশিক্ষণ দেবার জন্য আবার ৭ জন সচিবকে নিয়োগ করা হলো। রাহুলকে এখন ভারত সাম্রাজ্যের যুবরাজ বলা হয়। তার বিলাস ব্যসনে মাসে কত কোটি টাকা খরচ হয়, খিচুড়ি দাস জনগণ চিন্তা করতেও পারবে না। আর যারা এসব

করছে তারা যতবড় দুর্বৃত্ত তার থেকে বড় অপদার্থ। আমার কথা শুনে মহিলা দুজন বললো, আপনার ক্ষোভ যুক্তিসংগত। এটা নিয়ে আমরা শুধু ভাববো না, আমাদের বন্ধু বান্ধবদেরও অবহিত করবো।

১৫.৫.২০১০ বর্তমান সংবাদ : মমতা ব্যানার্জী রাহুলকে বললেন, 'রাহুল তুমি রোগা হয়ে যাচ্ছো। রাহুলের ইয়ার-বন্ধুরা বললো—পরিশ্রমটা দেখুন। বক্সিং, গল্ফ, টেনিস, ট্রেকিং, মাছধরা, ঘোড়ায় চড়া, এত পরিশ্রম কী শরীরে সহ্য হয়। বন্ধুরা অবশ্য স্পোর্টস কার নিয়ে বিদেশিনী বান্ধবীর সঙ্গে উধাও হয়ে যাওয়ার কথাটা উল্লেখ করে নাই।

১৬.৫.২০১০ হায়দ্রাবাদে গতকাল কনস্টেবল হত্যার দায় স্বীকার করলো লস্কর ও সিমি ঘনিষ্ঠ জঙ্গী গোষ্ঠী তেহরিক-ই-গালিবা-ইসলাম।

১৮.৫.২০১০ বর্তমান : হাওড়া জেলার ২২টি মাধ্যমিক স্কুলের অনুমোদন বাতিলের সিদ্ধান্ত। সি.পি.এমের অবদান রুগ্ন শিল্প, রুগ্ন কারখানার পর রুগ্ন স্কুল। সাধারণ স্কুলের পাশে মাদ্রাসা গজিয়ে উঠছে। মুসলিম ছাত্র ছাত্রীরা স্কুল ছেড়ে মাদ্রাসায় যাচ্ছে। ছাত্রাভাবে স্কুল বন্ধ হয়ে যাচ্ছে।

২১.৫.২০১০ আনন্দবাজার (৪র্থ পাতা) : সংখ্যালঘুদের শিক্ষা মিশন।

অনুমোদন হীন মাদ্রাসা ও শিশু শিক্ষাকেন্দ্রগুলিকে এই মিশনের আওতায় আনা হবে। রাজ্যে অনুমোদনহীন মাদ্রাসা ও শিক্ষাকেন্দ্র আছে ৭০০টি। আর শিশু শিক্ষাকেন্দ্র আছে ২০০টি। এর মধ্যে ৩০০টি অনুমোদন পেয়েছে। ১০০টি অনুমোদন পাওয়ার অপেক্ষায়। এই মিশনের মাধ্যমে বাকীগুলির অনুমোদন দেওয়া সহজ ও ত্বরান্বিত হবে।

মাদ্রাসার যত প্রসার হবে স্কুলগুলি তত বেশি বন্ধ হবে।

ভারতীয় সংবিধানের বিকৃতি

২৬.১১.১৯৪৯ ভারতের গণপরিষদে ভারতের পবিত্র সংবিধান গ্রহণ করা হয়। ২৬.১.১৯৫০ সংবিধান কার্যকরী হয়ে দেশ সাধারণতন্ত্রে পরিণত হয়।

মূল সংবিধানে ভারতকে একটি সার্বভৌম, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে (Sovereign, Democratic, Republic) গড়ে তোলার অঙ্গীকার করা হয়।

১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধনী আইন বলে সমাজতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ (Socialist, Secular) শব্দ দুটি জুড়ে দেওয়া হয়।

১৯৪৯ থেকে ১৯৭৬ পর্যন্ত দীর্ঘ ২৭ বছর সংবিধানে এই শব্দদুটি ছিল না। তাতে কোন মহাভারত অশুদ্ধ হয় নি। এই শব্দদুটি জুড়ে দিয়ে, সমাজতান্ত্রিকের নামে পারিবারিক শাসন প্রতিষ্ঠিত হয়েছে। তাই কেন্দ্রীয় সরকারের প্রচার এবং বিজ্ঞাপনে সাধারণতন্ত্র না বলে এখন প্রজাতন্ত্র বলা হয়। আমরা ভারতবাসী যুবরাজ রাহুল গান্ধীর খাস তালুকের প্রজা। যুবরাজের বিলাস ব্যসনে প্রতিমাসে কোটি কোটি টাকা রাজকোষ থেকে সমাজতন্ত্রের নাম করে ব্যয় করা হয়। আর ধর্মনিরপেক্ষতার ঘোমটার আড়ালে মুসলিম তোষণ এবং ধারাবাহিক মুসলিম সন্ত্রাসের পাকাপাকি বন্দোবস্ত করা হয়েছে। কারণ ধর্মনিরপেক্ষ ভারতে কোন মুসলিমকে হেনস্থা বা গ্রেপ্তার করা চলবে না। তারই সঙ্গে মুসলিম ভাবাবেগকে মর্যাদা দিতে গিয়ে ভারতের সার্বভৌমত্ব বিপদগ্রস্থ।

ভারত এবং ডেনমার্ক দুটি সার্বভৌম রাষ্ট্র মিলিতভাবে ২.৪.২০০৬ থেকে ৭.৪.২০০৬ ডেনমার্কের প্রধানমন্ত্রীর ভারত সফরসূচীর পাকা বন্দোবস্ত করেছিল। মুসলিমদের ভাবাবেগকে মর্যাদা দিতে ভারত সরকার একতরফা সেই সফর সূচী বাতিল করলো। এ কোন সার্বভৌম ভারত?

এবার আসছি সংবিধান সম্পর্কে মিথ্যাচারের কথায়। পশ্চিমবঙ্গের স্কুল পাঠ্য প্রতিটি বিষয়ের পাঠ্য পুস্তকের প্রথম পাতায় সর্বপ্রথমে লেখা থাকছে—ভারতীয় সংবিধানের প্রস্তাবনা—আমরা ভারতের জনগণ ভারতকে একটি সার্বভৌম সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক সাধারণতন্ত্ররূপে গড়িয়া তুলিতে...তজ্জন্য সত্যনিষ্ঠার সহিত সংকল্প করিয়া আমাদের সংবিধান সভায় অদ্য ২৬শে নভেম্বর ১৯৪৯ তারিখে এতদ্বারা এই সংবিধান গ্রহণ করিতেছি এবং আমাদিগকে অর্পণ করিতেছি।

ইংরাজীতে লেখা থাকছে "The constitution of India Preamble. We the people of Indian having solemnly resolved to constitute India a Sovereign, Socialist, Secular, Democratic, Republic and to Secure to all its Citizens Justice...Liberty... Equality...Fraternity...in one Constituent Assembly this twenty sixth day of November 1949 do hereby adopt enact and give to ourselves this constitution."

সংবিধান প্রণয়নের ২৭ বছর পরে "সমাজতান্ত্রিক" ও "ধর্মনিরপেক্ষ" শব্দ দুটি জুড়ে দেওয়া হলেও লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীদের ভুল শিক্ষা দেওয়া হচ্ছে যে, ঐ শব্দ দুটি 'সংবিধান' প্রণয়নের প্রথম দিন, অর্থাৎ ২৬শে নভেম্বর ১৯৪৯ থেকেই সংবিধানে অন্তর্ভুক্ত ছিল। এদের মিথ্যেচারী ছাড়া আর কি বলা যায়?

ইতিহাসের বিকৃতি নয়, আমূল পরিবর্তন

In the name of Allah, understanding Islam and Indian History, by Raziuddin Aquil. Penguin Publication.

ইসলাম ও ইসলামি শাসকদের সম্পর্কে আগেকার সব ঐতিহাসিক ও বিদগ্ধ পণ্ডিতদের মূল্যায়নকে নস্যাৎ করে দিয়ে, এই বইয়ের প্রতিপাদ্য বিষয় হলো—

১। তৈমুর, চেঙ্গিজ, নাদির শাহ, আহমদ শাহ, আবদালি, ঔরঙ্গজেব প্রভৃতি ছিলেন সভ্য বিশ্বের নিয়ামক। তাঁরা হিন্দু বিদ্বেষী ছিলেন, এটা ইংরেজি শিক্ষিত আধুনিক মধ্য শ্রেণীর হিন্দুদের গল্প মাত্র, এতে ঐতিহাসিক তথ্যের সমর্থন নেই।

২। ত্রয়োদশ শতকে ভারতীয় উপমহাদেশে মুসলিম রাজশক্তির প্রতিষ্ঠা কোন ব্যাপক গণহত্যার মধ্য দিয়ে ঘটেনি। বরং মেনে নেওয়া ভাল মুসলিম রাজশক্তির বিকাশ, হিন্দুরাজাদের প্রজাদের উপর দমন পীড়নের জন্যই সম্ভব হয়েছে।

৩। ইসলাম এই উপমহাদেশে মুসলিম বিজেতাদের তরবারির শোণিত ধারায় প্রবাহিত হয় নি। মূলতঃ সুফি সন্তদের ধর্মপ্রচার মারফতই অনুগামী পেয়েছে একথা কেউ অস্বীকার করতে পারবে না। তবু হিন্দুত্বের বাচন ও ভাষ্যে প্রভাবিত হয়ে অনেক ধর্মনিরপেক্ষতাবাদী তা ভুলে যান। এর বড় প্রমাণ, মুঘল সম্রাটদের হাতে শিখদের একের পর এক গুরুর শহীদ হওয়ার ঘটনা এবং নাদির শাহ বা আহমদ শাহ আবদালির বাহিনীর হাতে কচুকাটা শিখ জনসাধারণ, আজও সমাদরে বাবা ফরিদের পদ সংকীর্তন করেন।

৪। মুসলিম শাসকরা যদি শুধু হিন্দুমন্দির ধ্বংস করতো তাহলে আজও এত প্রাচীন মন্দির দেশে টিকে রয়েছে কি করে?

৫। আজকের অবিশ্বাস সংশয় দিয়ে মধ্যযুগের ভারতীয় ইসলামকে বিচার করা ঠিক হবে না। মধ্যযুগ ছিল ইসলামের সুবর্ণ যুগ।

৬। যে দুনিয়া একদিন তাঁরা শাসন করতেন, তা আজ অন্তর্হিত। অথচ একদিন যদি তাঁরা সভ্য বিশ্বের নিয়ামক হয়ে থাকতে পারেন, তাহলে ভবিষ্যতেও কোন একদিন তার পুনরাবৃত্তি হবে না কেন, এই আশায় বুক বেঁধে রয়েছে ইসলাম।

ইতিহাস বদলে গেল। এখন শিখতে হবে রাম জন্মভূমি, শ্রীকৃষ্ণ জন্মস্থান কাশী-বিশ্বনাথ

মন্দির, বৃন্দাবন ধাম থেকে সোমনাথ মন্দির বা নালন্দা-বিশ্ববিদ্যালয়, তারা ধ্বংস করে নি। পদ্মিনী, আলাউদ্দিন খিলজিকে বিয়ে করতে না পেরে মনের দুঃখে আত্মহত্যা করেছিল। আর আসমান থেকে টুপ করে পড়ে সৃষ্টি হলো পাকিস্তান। আর গত ৬৩ বছর ধরে এই খণ্ডিত ভারতে যে ধারাবাহিক ইসলামিক সন্ত্রাস চলছে তা হিন্দুত্ববাদীদের কল্পকথা মাত্র, এর সঙ্গে সত্যের কোন সম্পর্ক নেই।

আকিল সাহেব আল্লার নামে ইসলামের নতুন জয়যাত্রার প্রেক্ষাপট তৈরী করে দিলেন। লণ্ডনের ইমাম আবু হামজা-আল্লার নামে জেহাদের মাধ্যমে ইসলামের জয়যাত্রা শুরু করে দিয়েছেন। ভারত হয়েছে সদর দপ্তর। ভারতের রাজনৈতিক দুর্বৃত্তরা প্রধান পৃষ্ঠপোষক। জয় সুনিশ্চিত।

১৮.৫.২০১০ বর্তমান (১ম পাতা) : সোনিয়া গান্ধি বলেছেন, তাঁর লক্ষ্য দেশে ধর্মনিরপেক্ষ নীতি আর মুসলিম সম্প্রদায়ের একমাত্র রক্ষক হিসাবে কংগ্রেসকে প্রতিষ্ঠা করা। ব্যস! হয়েই গেল। মুসলমানরা হিন্দুদের ঘর থেকে টেনে বের করে গুলি করে মারবে। ৩ লক্ষ কাশ্মীরী পণ্ডিতকে ঘর ছাড়া করবে। তারা রাস্তায় রাস্তায় ঘুরে মরবে। সোনিয়া মুসলমানদের রক্ষক, তার জুটি মনমোহন আগেই ঘোষণা করে দিয়েছিলেন, ভারতের সম্পদে মুসলমানদের অগ্রাধিকার। হিন্দুরা একটু ভাবুন। দুর্বৃত্তরা এই খণ্ডিত ভারতে ১৮ই ডিসেম্বরকে "মুসলিম অধিকার দিবস" করেছে। হয়তো কোন একটা দিনকে "মুসলিম ভারত দিবস" ঘোষণা করে দেবে। তখন কোথায় যাবেন?

মুসলিমদের জন্য রাজনৈতিক নেতাদের মরা কান্নার মিছিল

ইদানীং দেশ জুড়ে মুসলিমদের জন্য মরা কান্নার মিছিলে সামিল দেশের অধিকাংশ রাজনৈতিক নেতৃবৃন্দ। নেতাদের মধ্যে সীমাহীন মুসলিম তোষণের প্রমাণ দিতে নির্লজ্জ প্রয়াস এবং পরস্পরের মধ্যে চাপান-উতোর দেখে শুনে ঘোড়ায় হাসলেও জনগণ হাসতে ভুলে গিয়েছে।

একদল বলে দেশ ভাগ করে পাকিস্তান সৃষ্টির দাবি আমরাই প্রথম মেনে নিয়েছিলাম। অন্যদল বলে, আমরা দেশভাগের পরে আবার কাশ্মীরের অর্ধেকটা পাকিস্তানকে উপঢৌকন হিসেবে দিয়েছি এবং বাকী অংশটা দেবার প্রক্রিয়া শেষ করে ফেলেছি। উত্তর ভারত থেকে একজন বলে উত্তর প্রদেশকে ভেঙে আমি একটা মুসলিম প্রদেশ গড়ে দেবো। দক্ষিণ ভারত থেকে সঙ্গে সঙ্গে একজন বলে, আরে কতদিন আগে আমরা কেরলের একটা জেলাকে মুসলিম জেলা ঘোষণা করে দিয়েছি। কেন্দ্র থেকে পাল্টা বলে আমরা ইতিমধ্যে জনসংখ্যার ২৫% মুসলমান হলে সেই জেলাকে সংখ্যালঘু অধ্যুষিত জেলা তো করেই দিয়েছি। এখন আমরা চাইছি জনসংখ্যার ১৫% মুসলিম হলেই সেই জেলাকে সংখ্যালঘু জেলা ঘোষণা করবো।

আমাদের দেশে এখন একজন মিঞার ৪ বিবি এবং ২০টি সন্তান। তেমনি ১২ দলের ৩৬ নেতার শতাধিক মুসলিম প্রেমের বাণী। তারই কিছু এখানে তুলে ধরছি।

১। দেশের সম্পদে মুসলমানদেরই অগ্রাধিকার।

২। ১২৫ বছরের আমার দলকে, মুসলিমদের একমাত্র রক্ষক হিসাবে প্রতিষ্ঠিত করবো।

৩। দিল্লীর বাটলা হাউসে পুলিশের সঙ্গে এনকাউন্টারে নিহত মুসলিম যুবকদের দেহ দেখে আমার নেত্রী চোখের জল রাখতে পারেন নাই।

৪। উলেমা কাউন্সিল যখন বলছে, বাটলা হাউস সংঘর্ষ পুলিশের সাজানো ঘটনা হতেও পারে।

৫। সুখে দুঃখে, ঘৃণায় লজ্জায়, জনমে-মরণে, ঐহিক পারলৌকিক সকল বিষয়ে ভারতে রাম নাম উচ্চারিত হয়। কয়েক সহস্র বছরের যাহা সাধনা, আরাধনা ও সংকল্প তাহার ইতিহাস আমার চতুর্দশ পুরুষ সহ সমগ্র ভারতবাসীর ঘরে ঘরে পঠিত ও পূজিত রামায়ণ ও শ্রীরামচন্দ্রকে আমরা সর্বোচ্চ আদালতে গিয়ে অস্বীকার করে এসেছি।

৬। দেশ মাতৃকার চরণে জীবন উৎসর্গ করার পবিত্র মন্ত্র 'বন্দে মাতরম'। জাতীয় সংগীত "বন্দে মাতরম" আমরা সংসদে বাতিল করে দিয়েছি। (অন্য দলগুলির প্রতিক্রিয়া —আমরাও সহযোগিতা করেছিলাম)

৭। সন্ত্রাসবাদ, দ্বিজাতি তত্ত্ব, ভারত বিদ্বেষ ও হিন্দু বিদ্বেষের সূতিকাগার আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়। রক্তক্ষয়ী দাঙ্গায় দেশ জননীর অঙ্গচ্ছেদ করে মুসলিম রাষ্ট্র হবার পরেও তাকে আমরা সযত্নে লালন পালন করেছি। এখন আমরা প্রতিটি

রাজ্যে একটি করে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছি। ইতিমধ্যে পশ্চিমবঙ্গ বিহার ও কেরলে কাজ শুরু হয়েছে।

(অন্য দলের প্রতিক্রিয়া—আলিগড় আমাদেরও স্বপ্নের প্রকল্প। এ রাজ্যে এর প্রতিষ্ঠায় আমাদের অবদানও কম নয়।)

কোরাস, একই সুরে সব দলের একই বাণী

৮। দেশভাগ পরবর্তী পূর্ব পাকিস্তানে হিন্দুদের উপর নৃশংস অত্যাচারের প্রতিবাদ আমরা কেউ করি নাই।

৯। দেশভাগের পর পঃ বঙ্গে মুসলিম জনসংখ্যা ছিল ৩৮ লক্ষ। বর্তমানে তা প্রায় ৩ কোটিতে পৌঁছেছে। এর কৃতিত্ব আমাদের সব দলের।

১০। বর্তমানে মুর্শিদাবাদে ৬৫% এবং মালদহে ৫৪% মুসলিম জনসংখ্যা। অন্য জেলাগুলিতে ২৫% থেকে ৫০% হতে চলেছে। খুব শীঘ্র পশ্চিমবঙ্গ মুসলিম প্রধান রাজ্য হবে। আমাদের কি আনন্দ, সকলের কি আনন্দ!

১১। এক কোটির বেশী অনুপ্রবেশকারী মুসলমানকে রেশন কার্ডসহ ভোটার আই কার্ড পাইয়ে দেওয়ায় আমাদের সব দলের অবদান আছে।

১২। খণ্ডিত পশ্চিমবঙ্গে বর্তমানে ৬৩টি মুসলিম সংগঠন। এদের সঙ্গে আমাদের সব দলেরই সুসম্পর্ক।

১৩। পাকিস্তান বার বার ভারত আক্রমণ করলেও আমরা তার নিন্দা করি নাই।

১৪। মুসলিম সন্ত্রাসবাদীরা প্রতিনিয়ত ভারতে সন্ত্রাস চালালেও মুসলিম ভাবাবেগকে মর্যাদা দিয়ে আমাদের কোন দল তার প্রতিবাদ করি না।

১৫। ১৯৮৯ থেকে ২০০৯—এই বিশ বছরে কাশ্মীরে ১৭০টি হিন্দু মন্দির ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংস হয়েছে। ৩ লক্ষ কাশ্মীরি হিন্দু পণ্ডিত মুসলিম অত্যাচারে ভারতে উদ্বাস্তুর জীবনযাপন করছে। কাশ্মীর আজ প্রায় হিন্দু শূন্য। তবু, এসব সংবেদনশীল এবং স্পর্শকাতর বিষয় বলেই আমরা মনে করি। তাই আমাদের কোন দলের কোন একজনও এবিষয়ে কোনদিন একটি কথাও বলি নাই।

১৬। দেশভাগের সময় বাংলাদেশে জনসংখ্যার ৩০% হিন্দু ছিল, বর্তমানে মাত্র ৯% হিন্দু। বাকী ২১% হিন্দু অত্যাচারিত হয়ে চলে আসতে বাধ্য হয়েছে। এখনও অত্যাচার চলছে। এ নিয়ে সরব 'ক্যাম্ব' নামে মানবাধিকার সংগঠন। আমরা সব দলই এব্যাপারে নীরব।

(রাজনৈতিক মতাদর্শ যাই হোক মুসলিম তোষনে আমরা সবাই ভাই ভাই।)

১৭। ২৭.২.০২ তাং গোধরায় সবরমতী এক্সপ্রেসে আগুন দিয়ে ৫৯ জন হিন্দুকে পুড়িয়ে মারলো মুসলমানেরা। তার জন্য আমাদের কোনও দলের কোনও নেতা প্রতিবাদ বা সামান্য দুঃখ প্রকাশ করে নাই। কারণ হিন্দুর জন্য দুঃখ প্রকাশ, মুসলমানরা সহ্য করতে পারে না।

১৮। গোধরা পরবর্তী গুজরাতে দাঙ্গায় হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষ মারা

গেলেও আমরা সবাই মুসলমানের জন্য কেঁদে বুক ভাসিয়েছি। বিগত ১০ বছর ধরে আমরা নরেন্দ্র মোদির বাপান্ত করে চলেছি। আইন, আদালত, সি.বি.আই থেকে বিশেষ তদন্তকারী সংস্থার মাধ্যমে তাকে নাজেহাল করে ছেড়েছি। তাঁকে ফাঁসিতে না ঝোলানো পর্যন্ত আমাদের শান্তি নাই।

১৯। ১৫.৬.০৮ তাং সেন্ট জেভিয়ার্স প্রেক্ষাগৃহে মিল্লি কাউন্সিল আয়োজিত সন্ত্রাস ও ন্যায় বিচারের আলোচনা সভায় আমরা সব দলই দ্ব্যর্থহীন ভাষায় বলেছি সন্ত্রাসের জন্য কোন মুসলিমকে হয়রানির শিকার হতে দেব না। হলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ,

২০। গত ২৩.১১.৯৪ লখনউয়ের ইসলামিক আরবিক শিক্ষার কলেজ দার-উল-উলুম নাদগুয়াতুল থেকে আবুবকর নমে একজন বিদেশিসহ তার জনা কয়েক ভারতীয় সাগরেদকে আই বি গ্রেপ্তার করে। এটা এতো বড় গর্হিত কাজ যে প্রধানমন্ত্রীর হয়ে স্বয়ং রেলমন্ত্রী ও স্বয়ং মুখ্যমন্ত্রীরা নাদওয়া কলেজের রেক্টর আলি মিঞার কাছে গিয়ে ক্ষমা চান। আর স্বরাষ্ট্র রাষ্ট্রমন্ত্রী তদন্তের নির্দেশ দেন। তার পর ধৃতরা বেকসুর খালাস, আর দক্ষ সৎ এবং দেশপ্রেমিক দুইজন আই বি'র অফিসার ও স্থানীয় থানার দুই জন ইন্সপেক্টরকে সাসপেন্ড করা হয়। এ ছাড়া ঐ এলাকার এস, পি-কে বদলী করা হয়।

হে ভারতের মুসলিম ভোটার। তোমাদের জন্য মুসলিম ভোট ভিক্ষাপ্রার্থী রাজনৈতিক দলগুলিকে আর কত আত্মত্যাগ করতে হবে?

২১। ১৮.১২.০৬ তাং থেকে ১৮ ডিসেম্বরকে আপনাদের স্বার্থে সংখ্যালঘু সম্প্রদায়ের স্বার্থ রক্ষা দিবস হিসাবে আমরা পালন করি।

২২। ১০.২.০৭ T.O.I. 1st Page-Kashmir's Muslims now under Shariat Ambit. কংগ্রেস, ন্যাশনাল কনফারেন্স, পি, ডি, সি, প্রভৃতি আমরা একযোগে এই মধ্যযুগীয় আইন পাশ করে কাশ্মীরকে পাকিস্তানের অংশ বলে মেনে নিয়েছি। আমাদের উপর ভরসা রাখুন, ভারতের অন্য রাজ্যেও এই আইন পাশ হবে।

২৩। ২৬.৪.০৭ তাং কাশ্মীরের ঈদগা ময়দানে হুরিয়ত কনফারেন্স নেতা সৈয়দ আলি শা গিলানি পাকিস্তানী পতাকা উড়িয়ে এক ঝাঁক জইশ ও লস্কর জঙ্গীর সঙ্গে কাশ্মীরকে ভারতের হাত থেকে ছিনিয়ে নেবার ডাক দেয়। এজন্য আমরা গিলানিকে কিছু বলি নাই।

২৪। উত্তর প্রদেশের দেওবন্দে জমিয়তে-উলেমা-ই-হিন্দ ভারতের শ্রেষ্ঠ তালিবান উৎপাদন কেন্দ্র। এ হেন দেওবন্দে জমিয়ত একটা সম্মেলন ডেকে চিদাম্বরম, পাইলট, ইয়েচুরি প্রভৃতিকে আমন্ত্রণ জানিয়ে তাঁদের সামনে ১২ দফা দাবি পেশ করল। দাবিগুলির অন্যতম—বন্দেমাতরম নিষিদ্ধ করতে হবে। মাদ্রাসার নিজস্বতা রক্ষা অর্থাৎ আরবি ভাষা শিক্ষা ও ইসলামি ধর্মতত্ত্ব শিক্ষাকে গুরুত্ব দিতে হবে। শরিয়তের অবিকল অনুসরণের মাধ্যমে ইসলামকে রক্ষা করতে হবে। আইনসভা

সহ সর্বক্ষেত্রে আনুপাতিক প্রতিনিধিত্ব চাই। এ ছাড়া নারীদের বোরখা বাধ্যতামূলক করতে হবে। মহিলাদের ৩৩% সংরক্ষণ চলবে না। এইডস নিরোধক প্রচার বন্ধ, যুবকদের টিভি দেখা বন্ধ করতে হবে। নমস্তের বদলে সালাম বলতে হবে। ইত্যাদি তো এসম্পর্কে আমাদের নেতারা নীরব থেকে ওই সংগঠনের দেশপ্রেমের প্রশংসা করে বাবরির জন্য খানিকটা চোখের জল ফেললেন।

২৫। আমরা জানি, সিমির অপর নাম ইন্ডিয়ান মুজাহিদিন। আমরা সেই ইন্ডিয়ান মুজাহিদিনের সঙ্গে যৌথভাবে "সিটিজেন ফর জাস্টিশ অ্যান্ড পিস" নামে একটি সংগঠন গড়েছি।

২৬। ধৃত সিমি পাণ্ডাকে গ্রেপ্তার, সন্ত্রাসবাদ মোকাবিলায় বড় সাফল্য বলে দাবি করেছে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রক। তা করুক। আমাদের সব দলের নেতারা, যথা রাম নরেশ যাদব, আকবর আহমেদ ডাম্পি, আবু হাসিম আজমি প্রমুখ মহান ইমাম বুখারির সঙ্গে দলবেঁধে ধৃত সিমি পাণ্ডা আবু বশিরের পরিবারকে সহানুভূতি জানাতে গিয়েছিল। (২২.৮.০৮)

২৭। জামিয়া মিলিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মুসিরুল হাসান ধৃত দুই সন্ত্রাসবাদী মহঃ শাকিল ও জিয়ায়ুর রহমানকে আইনি সাহায্য দিতে চাইলে কেন্দ্রীয় মন্ত্রী রাজী হলেন। অর্থাৎ সরকার জঙ্গীদের ধরে তাদের আবার আইনি সাহায্যও দিচ্ছে। আবার দেখুন, পশ্চিমবঙ্গে মুসিরুল হাসানের দেশপ্রেমের পুরস্কার হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে সাম্মানিক ডি, লিট উপাধি দিল। রাজনৈতিক মতভেদ থাকলেও, জঙ্গীদের প্রতি সবাই সহানুভূতিশীল।

ভারতের অধিকাংশ রাজনৈতিক নেতৃবৃন্দ মুসলমানদের প্রতি সহানুভূতিশীল। এ সম্পর্কে তাঁদের বাণীগুলি। যথা —

২৮। সামনে 'ক' প্রদেশের নির্বাচন। এখন মুসলিম জঙ্গীদের ধরপাকড় বন্ধ কর।

২৯। আমি 'ক'-এর সঙ্গেও নাই, 'খ'-এর সঙ্গেও নাই। আমি এখনও ৬ই ডিসেম্বর বাবরির জন্য শোক দিবস পালন করি।

৩০। আরে 'গ' তো তিনদিনের যোগী। দু'দিন আগে এখানে সেখানে বলল বাবরির জন্য শোক করে। আমরা যে মহল্লায় মহল্লায় তাণ্ডব করি, তার কোন দাম নেই?

৩১। গুজরাত দাঙ্গায় হিন্দুর সঙ্গে মুসলমানও মারা গিয়েছিল। সেজন্য বিহারের বন্যাত্রাণে গুজরাত সরকারের দেওয়া ৫ কোটি টাকা আমি নিইনি।

৩২। গোধরায় সবরমতী এক্সপ্রেসে ৫৯ জন হিন্দুকে পুড়িয়ে মারে মুসলিমরা। তাদের ক্লীন চিট দিতে আমি উমেশ ব্যানার্জী কমিশন বসিয়েছিলাম।

৩৩। কেন্দ্র সিমিকে নিষিদ্ধ করলেও আমি সিমিকে সন্ত্রাসবাদী মনে করি না।

৩৪। ১.৪.২০০৯ বর্তমান ১ম পাঃ ভোটের পর মমতা কংগ্রেসকে তালাক দিয়ে আবার বিজেপি'র সঙ্গে হাত মেলাবে না তার কি কোন গ্যারান্টি আছে? পরদিন : ১৯৮৯ নির্বাচনে ২ থেকে ৮৯ আসনে বিজেপি'কে পৌঁছে দিয়েছিল কারা? শহীদ মিনারে

বাজপেয়ীর সঙ্গে জ্যোতি বসুর হাত ধরাধরির ছবি কি বাংলার মুসলমানরা ভুলে যাবে? এই চাপান-উতোরের জবাবে মুসলিম সংগঠনের প্রতিক্রিয়া—তোমরা যতই বুখারী, মাদানী, সিদ্দিকি, বরকতির প্রিয়পাত্র হও। পবিত্র তালাক নিয়ে কটাক্ষ করার জন্য প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে। আমাদের নেতা প্রকাশ্যেই বলেছিলেন, আমি একথা বলতে পারি না, বলি নাই। সংবাদ মাধ্যম আমার কথার বিকৃতি করেছে।

৩৫। আমরা প্রতিটি জেলায় সংখ্যালঘু কল্যান ও মাদ্রাসা দফতরের অফিস খুলে দিয়েছি। সেখান থেকে মুসলিমদের ঋণ, নতুন নতুন মাদ্রাসা স্থাপন এবং মাদ্রাসা ছাত্রদের বৃত্তি দেওয়া হবে। তাছাড়া সব মাদ্রাসাকে আমরা সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা দিয়েছি।

৩৬। আমরা উর্দু একাডেমী প্রতিষ্ঠা করেছি। সমস্ত হাই মাদ্রাসায় ১ম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী আরবি শিক্ষা বাধ্যতামূলক করেছি। পশ্চিমবঙ্গে থেকেও আপনাদের সন্তানদের বাঙলা ভাষা শিখতে হবে না। আমরা প্রতিটি উর্দু মাধ্যম স্কুলে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র খুলতে চলেছি। বাংলা গ্রন্থাগারগুলিকে উর্দু গ্রন্থাগারে পরিণত করার চেষ্টা করছি। ইতিমধ্যে হাওড়ায় একটি ও বেলঘরিয়ায় একটির কাজ শুরু হয়েছে।

৩৭। কলকাতার দুটি প্রাচীন ছাত্রাবাস, হিন্দুদের হিন্দু হস্টেল মুসলিমদের বেকার হস্টেল। আইন করে শুধুমাত্র হিন্দু হস্টেলে মুসলিম ছাত্রদেরও থাকার ব্যবস্থা করে দিয়েছি।

৩৮। আল আমিন মিশনের বর্তমানে ৬টি জেলায় শাখা আছে। আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, প্রতিটি জেলায় আল আমিন মিশনের শাখা খোলা হবে। খণ্ডিত পশ্চিমবঙ্গে আমরা আরও দুটি মুসলিম বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি।

৩৯। অমরনাথ তীর্থযাত্রীদের জন্য সাময়িক শিবির নির্মাণে জমি বরাদ্দ করেও কাশ্মীর সরকার তা বাতিল করে দেয়। আমরা কলকাতায় হজ যাত্রীদের জন্য সরকারী ব্যয়ে দুটি হজ হাউস নির্মাণ করেছি। তৃতীয় হজ হাউস নির্মাণের পথে। এদেশে রাষ্ট্রীয় উদ্যোগে হজ যাত্রা হয়। আমরা গঙ্গাসাগরে হিন্দু তীর্থ যাত্রীদের কাছে জিজিয়াকর আদায় করি।

৪০। আমরা হাজার হাজার মাদ্রাসা তৈরি করেছি। আলাদা মাদ্রাসা বোর্ড, মাদ্রাসা সার্ভিস কমিশন গঠন ও মাদ্রাসা শিক্ষামন্ত্রীর পদ সৃষ্টি করেছি। হাই মাদ্রাসা পাশকে আমরা স্নাতকের সমতুল মর্যাদা দিয়েছি।

৪১। আমরা হিন্দুদের টোলগুলো বন্ধ করে দিয়েছি। কোচবিহার ও নবদ্বীপের ২টি সংস্কৃত কলেজও বন্ধ করে দিয়েছি। বিদ্যাসাগরের স্মৃতিধন্য কলকাতার সংস্কৃত কলেজ এখন বন্ধের মুখে।

৪২। ৩ লক্ষ কাশ্মীরি হিন্দু পণ্ডিত কাশ্মীর থেকে বিতাড়িত হয়ে, নিজ দেশে উদ্বাস্তুর জীবন যাপন করছে। তাদের জন্য আমাদের কোনও দুঃখ নাই। প্যালেস্টাইনের মুসলিম ভাইদের জন্য চাঁদা তুলে আমরা এক কোটি টাকা পাঠিয়েছি।

৪৩। গুজরাত দাঙ্গার পর সেখানকার মুসলিমদের প্রতি সহমর্মিতা জানাতে, কুতুবউদ্দিনকে হাওড়া স্টেশনে সম্বর্ধনা দিয়ে কলকাতায় এনে তার বসবাসের ব্যবস্থা করে দিয়েছি। গোধরায় অগ্নিদগ্ধ হয়ে মৃত ৫৯ জন হিন্দুর পরিবারকে আমরা সমবেদনা জানাই নি।

৪৪। মাদ্রাসাকে আমরা সংখ্যালঘু প্রতিষ্ঠানের মর্যাদা দিয়েছি।

৪৫। তালিবানরা বামিয়ানের প্রাচীন বুদ্ধমূর্তি ভাঙলে আমরা ক্ষোভ প্রকাশ করি নাই।

৪৬। বি.ডি.ও-রা হিন্দু মুসলমান সবার বিবাহ রেজিস্ট্রেশন করতো। মুসলিমদের আপত্তিতে আলাদা মুসলিম বিবাহ রেজিস্ট্রার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছি।

৪৭। সংখ্যালঘু দফতরের আলাদা ডিরেক্টরেট, মাদ্রাসা শিক্ষা কমিশন, ওয়াকফ বোর্ড, ওয়াকফ ট্রাইবুনাল, আলিয়া বিশ্ববিদ্যালয়, আলিগড় বিশ্ববিদ্যালয়, সংখ্যালঘু কমিশন, মাদ্রাসা ডিরেকটরেট প্রভৃতি স্বশাসিত সংস্থা সহ পশ্চিমবঙ্গে বর্তমানে ৬৫টির অধিক মুসলিম সংগঠন স্বাধীনভাবে কাজ করছে। তাদের কোন কাজে কেহ হস্তক্ষেপ করে না, করবেও না।

শুধুমাত্র মুসলিমদের উন্নয়নের জন্য এখানে বিশেষ এ্যাকশন প্লান নিয়েছি। স্বনির্ভর কর্ম প্রকল্পে ৩০ হাজার মুসলিম যুবককে ২৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে।

৪৮। কাশ্মীরকে ভারতের বাইরে স্বাধীন ইসলামিক রাষ্ট্র দেখিয়ে, সেই গ্লোব প্রকাশ্যে মুর্শিদাবাদে বিক্রী হয়। কলকাতার বিভিন্ন স্কুলে মাঝে মাঝে পাকিস্তানী পতাকা তোলা হয়। মেদিনীপুর সহ বিভিন্ন মাদ্রাসায় বর্ণ পরিচয় শেখানো হয় অ-এ অজু, ই-এ ইসলাম...শ-এ শরিয়তের বিধান আনো—স-এ সিভিল কোডের পতন জেনো ইত্যাদি। ছাত্রদের আরও শিক্ষা দেওয়া হয়—এদেশ কাফেরের দেশ। তোমরা শপথ নাও, বড় হয়ে এদেশ ছিনিয়ে নিয়ে পাকিস্তানের সঙ্গে জুড়ে দেবে। এসব সংবাদ পড়ে আমাদের তথা দেশের জনগণের কোন প্রতিক্রিয়া নাই। আমরা সাদ্দাম হোসেনের ফাঁসির আদেশের প্রতিবাদে কলকাতা অচল করে মিছিল করি। আমরা কেরলের জেল থেকে মাদানীকে মুক্ত করি।

৪৯। মুসলিমরা আমেরিকার বিশ্ববাণিজ্য কেন্দ্র ধ্বংস করলে আমরা নিন্দা করি নাই।

৫০। দেশভাগের পর পশ্চিমবঙ্গে মুসলিম জনসংখ্যা ছিল মাত্র ৩৮ লক্ষ। ৬৪ বছরে সেই সংখ্যা হয়েছে ৩ কোটি। মুসলমানরা এগিয়ে চলুন, আমরা পিছনে আছি।

এস. ওয়াজেদ আলি ভারতীয় জনগণের রামায়ন পাঠের ধারাবাহিকতা লক্ষ্য করে তাঁর ভারতবর্ষ প্রবন্ধে লিখেছিলেন, "সেই ট্রাডিশন সমানে চলেছে।"

ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় সুদুর তুরস্কের খলিফাকে স্বপদে রাখার জন্য খিলাফৎ আন্দোলন গড়ে ওঠে। ভারতীয় মুসলমানরা এখানে খিলাফৎ কমিটি গঠন করে সেই আন্দোলনে সামিল হয়। তাদের কাছে স্বাধীনতা অর্জন অপেক্ষা খলিফার অধীন হওয়া ছিল আদর্শ। মহাত্মা গান্ধী ভারতের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে খিলাফৎ আন্দোলনকে জুড়ে দিলেন। তারপর তুরস্কের পট পরিবর্তনের

সঙ্গে ভারতও খণ্ড বিখণ্ড হয়ে আলাদা হিন্দু মুসলমানের দেশ হলো। খণ্ডিত ভারতে হিন্দুর দেশে খিলাফৎ কমিটির প্রাসঙ্গিকতা কি? আছে। সেই ট্রাডিশন।

খণ্ডিত বাংলার হিন্দু অভাব অনটন, অশিক্ষা কুশিক্ষা, অপসংস্কৃতি এবং পাইয়ে দেবার রাজনীতির ফলে তাদের ঐতিহ্য সংস্কৃতি জাতীয়তাবোধ বিস্মৃত। খিলাফৎ কমিটি এগিয়ে চলো—আমরা আছি।

• পুস্তক পর্যালোচনা :

অশুভশক্তি তোষণের এক বিস্ফোরক দলিল

শুভশক্তির ভজনাই মানবজীবনের কাম্যধর্ম। উদারতা ও সহনশীলতার মুখোশ পরে অশুভশক্তির ভজনা ও আরাধনা শুধু অবাঞ্ছনীয়ই নয়—রীতিমতো আত্মঘাতী ও সর্বনাশকারী। ধর্মনিরপেক্ষতার নামে ভণ্ডামী নিবীর্যতারই নামান্তর। এই নিবীর্যতা একটা জাতি বা জনগোষ্ঠীকে সর্বনাশের অতল গহ্বরে নিয়ে যায়। এটা বুঝতে আমাদের দেশের অর্বাচীন ও চরিত্রহীন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক নেতৃত্বমণ্ডলী শুধু অক্ষমই নয়—অনিচ্ছুকও বটে। তারা এক সর্বনাশা নীতির ধারক ও বাহক হয়ে চলেছেন। এই সর্বনাশা মানসিকতায় ভারতের অনেক রাজনৈতিক দল ও সামাজিক সংগঠনের ঐক্যমত আমাদের জাতীয় জীবনে এক সর্বনাশের ইঙ্গিত বহন করছে।

অম্বিকা প্রসাদ পাল 'সাম্প্রদায়িক' নামে যে বইটি লিখেছেন তা এক কঠোর পরিশ্রমের ফসল। সাম্প্রদায়িক তোষণের নজির ও উদাহরণের অনেক তথ্য ও সংবাদকে বহু পরিশ্রমে সংগ্রহ ও সংকলন করে লেখক ১৮৪ পৃষ্ঠার যে বইটি আমাদের সামনে হাজির করেছেন তা একটি 'হ্যান্ডবুক' বা 'রেডিরেকনার' বললে বেশি বলা হবে না। এই আত্মঘাতী নীতি ও মানসিকতা সম্পর্কে দেশ ও জাতির সতর্ক হবার সময় এসেছে। বইটি বহু বিস্ফোরক তথ্যে পরিপূর্ণ হয়ে সকলের প্রতি এক 'চেতাবনী'র (warning) কাজ করেছে। একজন বিশিষ্ট সমালোচক বইটি সম্পর্কে বলেছেন যে গ্রন্থকার কোনও প্রথাসিদ্ধ লেখক নন—কিন্তু একজন সংবেদনশীল মানুষ হিসেবে দেখে বা সমাজব্যবস্থায় যা কিছু বিসদৃশ দেখেছেন সেই বিষয়ে নিজের ব্যক্তিগত অনুভূতিকেই তিনি এখানে প্রশ্রয় দিয়েছেন। কোনও পাকিস্তানের চরকে বা নাশকতামূলক কাজে লিপ্ত কোনও ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করলে সংশ্লিষ্ট পুলিশ আধিকারিককে বরখাস্ত করে এবং সংশ্লিষ্ট অপরাধীদের কাছে স্বয়ং কেন্দ্রীয় মন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রীর ক্ষমা চেয়ে নেওয়ার এক ন্যক্কারজনক দৃষ্টান্ত লেখক এক বাংলা দৈনিকের রিপোর্ট থেকে তাঁর বইতে উদ্ধৃত করে দিয়েছেন। এমন বহু খবর সংবাদপত্রের

পাতায় বা অন্যত্র প্রকাশিত নানা বিবরণ থেকে মানুষ জানতে পারবেন। কিন্তু ঘটনাগুলি আস্তে আস্তে সাধারণ মানুষের স্মৃতি থেকে মুছে যায়। বইটির লেখক এমন বহু চাঞ্চল্যকর ঘটনার বিবরণ যা সাধারণ মানুষের স্মৃতি থেকে হারিয়ে গেছে তাকে সংকলিত ও গ্রন্থবদ্ধ করে সাধারণ মানুষের যে কি উপকার করেছেন তা ভাষায় বর্ণনা করা যাবে না। এইসব ঘটনা গ্রন্থবদ্ধ করে লেখক এক মূল্যবান মন্তব্য করেছেন : "এই হলো আমাদের জাতীয় রাজনৈতিক নেতৃত্বের চরিত্র ও দেশপ্রেম। দেশ ও জাতির সঙ্গে এত বড় ভণ্ডামি তথা বিশ্বাসঘাতকতা, জাতীয় নিরাপত্তা নিয়ে এভাবে ছেলেখেলা করার এক জঘন্য নজির সৃষ্টি করলেন নরসিমা রাও, এস বি চৌহ্বান, মুলায়ম সিং যাদব, জাফর শরীফ এবং রাজেশ পাইলট।" ভারতবর্ষের জাতীয় নিরাপত্তার স্বার্থ দেখতে গিয়ে, প্রকৃত দেশসেবা করতে গিয়ে বহু সৎ ও দক্ষ প্রশাসককে অর্বাচীন ও চরিত্রহীন রাজনৈতিক নেতারা মুসলিম ভোটব্যাঙ্কের যূপকাষ্ঠে বলিপ্রদান করেন। অন্যদিকে আই এস আই-এর চরেরা বেকসুর খালাস পেয়ে যান। এমন ঘটনার নজির ভারতবর্ষে অনেক আছে। বাবরি কাঠামো ধ্বংসের নিন্দায় সারাদেশ জুড়ে ধিক্কার মিছিল ও সম্প্রীতির জন্য শান্তি মিছিলের বন্যাস্রোত বয়ে গেছে। কিন্তু সেই সময় পাকিস্তান বাংলাদেশসহ সারা পৃথিবী জুড়ে যে কয়েক হাজার হিন্দুমন্দির ধ্বংস হলো সে সম্পর্কে কেউ কোনও উচ্চবাচ্যও করলেন না। দেশের মধ্যে সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় আইন প্রণয়নে একটি বিশেষ সম্প্রদায়কে নির্লজ্জভাবে তোষণ করার যে জঘন্য নজির আমদের দেশে রয়েছে তা দৃষ্টান্তসহ জনসাধারণের সামনে হাজির করা প্রয়োজন। অভিন্ন দেওয়ানী আইন আজও ভারতবর্ষে চালু করা গেল না। অশুভ সাম্প্রদায়িক শক্তির পদলেহনে ভারতবর্ষের প্রায় সব রাজনৈতিক দল এক অশোভনীয় প্রতিযোগিতায় লিপ্ত হয়েছে। অবৈধ অনুপ্রবেশের বিরুদ্ধে কোনও সরকারি সতর্কতা নেই। গ্রামাঞ্চলে এই সমস্ত অশুভ শক্তির দাপটের বিরুদ্ধে নিরীহ নাগরিককে সুরক্ষা দেওয়ার কোনও আইনি ব্যবস্থা নেই। রাজনৈতিক দলগুলি ভোটের লোভে অনেক অনাচার দেখেও মৌনীবাবা সেজে বসে থাকেন। এই তোষণনীতির কুফল আজ ভারতের বাইরেও সারাবিশ্বে ছড়াতে শুরু করেছে। তার চরম মূল্য আজ দিতে হচ্ছে আমেরিকার মতো শক্তিশালী দেশকেও। ইউরোপের বহুরাষ্ট্র আজ মুসলমান আতঙ্কবাদীদের দাপটে থরহরি কম্পমান। তবু তাদের চোখ খুলছে না। লেখক সকলকে সতর্ক করেছেন। বইটির বহুল প্রচার কাম্য।

শ্যামলেশ দাশ

মমতা বন্দ্যোপাধ্যায়ের ইমাম ভাতা দেশকে ইসলামিক রাষ্ট্রে পরিণত করবে

গত ৩ এপ্রিল নেতাজী ইনডোর স্টেডিয়ামে সরকারী ব্যয়ে ও সরকারী ব্যবস্থাপনায় ইমামদের সম্মেলন ডেকে মুখ্যমন্ত্রী ৩০ হাজার ইমামকে মাসিক ২৫০০ টাকা ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা দেওয়ার কথা ঘোষণা করলেন।

এক মাসের মাথায় ২ মে, মোয়াজ্জিনদেরও ১০০০ টাকা ভাতা এবং সমস্ত মুসলিম গোষ্ঠীকে সংরক্ষণের আওতায় নিয়ে এলেন।

পশ্চিমবঙ্গে ইমাম ভাতা চালু হলে, ভারতের সব রাজ্যেই এই ভাতা চালু হবে। সারা ভারতে কম করে ১০ লক্ষ মসজিদ আছে। মসজিদ পিছু বছরে ২৫০০+১০০০×১২= ৪২০০০ টাকা হিসাবে ১০ লক্ষ মসজিদের ইমাম ও মোয়াজ্জিনদের ভাতা দিতে হবে ৪২০০ কোটি টাকা। তার সঙ্গে যোগ হবে তাদের জন্য বিনাপয়সায় জমি বাড়ি ও সন্তানদের চিকিৎসা ও শিক্ষার বিপুল ব্যয়।

মহামতি রাজীব গান্ধী যুগান্তকারী 'মুসলিম মহিলা বিল' পাশ করেছিলেন। মুসলিমরা ৪টা পর্যন্ত বিয়ে করবে আর তালাক দেবে। তালাকপ্রাপ্তা মহিলাদের খোরপোষ দেওয়া হবে হিন্দুদের করের টাকায়।

যেমন মুখ্যমন্ত্রীর ঘোষণা : মদ খাও, মরে গেলেই দু'লাখ টাকা পাবে। কেন্দ্র সরকার হজ যাত্রার ভরতুকি দিতে এবং হজযাত্রীদের সঙ্গে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা প্রতিনিধি পাঠাতে প্রতিবছর হাজার হাজার কোটি টাকা ব্যয় করেন। সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ বলেছেন, এই ব্যয় রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত, এর কোন প্রাসঙ্গিকতা নাই। (৯.৫.১২ বর্তমান, ৫ পাতা)

তবে, সব কিছুকে ছাড়িয়ে গিয়েছে মমতা ব্যানার্জীর ইমাম-ভাতা। হয়তো এজন্য "গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস"-এ তাঁর নাম উঠবে। নাম উঠুক বা না উঠুক দেশটা ইসলামিকরণে দ্রুত এগিয়ে যাবে।

হিন্দু, বৌদ্ধ, শিখ, জৈন সমস্ত সম্প্রদায়ের মানুষের মিলিতভাবে এই অসাংবিধানিক এবং অনৈতিক নগ্ন মুসলিম তোষণের তীব্র নিন্দা করা উচিত।

বুদ্ধ পূর্ণিমা শ্রীঅম্বিকা প্রসাদ পাল
৬.৫.২০১২

'... গ্রন্থকার অম্বিকা প্রসাদ পাল কোন প্রথাসিদ্ধ লেখক নন। কিন্তু যেহেতু সংবেদনশীল মানুষ, তাই দেশে বা সমাজ ব্যবস্থায় যা কিছু বিসদৃশ দেখেছেন সেই বিষয়ে নিজের ব্যক্তিগত অনুভূতিকেই তিনি এখানে প্রশ্রয় দিয়েছেন। এর মধ্যে যদি কেউ মুসলিম-বিদ্বেষ লক্ষ্য করেন তাহলে আমি বলব, চশমাটা পাল্টান। আর আত্মানুশীলন, আত্মবীক্ষা করুন।

ঐ তথাকথিত 'ধর্মনিরপেক্ষতা'র ভজ গোবিন্দ জপে আত্মাকে রক্ষা করা যাবে না। তিনি বিদ্বিষ্ট হওয়ার কথা কোথাও বলেন নি। কিন্তু হকের অধিকার রক্ষায় যে জাতি কানা বা অন্ধ তার বা তাদের জ্ঞানচক্ষু উন্মীলনের প্রয়াস তিনি করেছেন। একান্ত আশা করব, তাঁর উদ্দেশে সাফল্য অর্জনে সমর্থ হবে।

—জগন্নাথ মুখোপাধ্যায়